শিশু পরিচর্যা প্রদানকারী কেন্দ্রগুলির কি কি জানা উচিৎ

নির্দেশিকা

NYC Health

শিশু পরিচর্যা প্রদানকারী কেন্দ্রগুলির যা জানা উচিৎ

এই নির্দেশিকাটি স্প্যানিশ, চাইনীজ, রাশিয়ান, ফরাসি-ক্রেওল, বাংলা এবং কোরিয়ান ভাষায় উপলব্ধ।

অনুগ্রহ করে মনে রাখবেন যে এই নির্দেশিকাটি শুধুমাত্র নিউইয়র্ক সিটির শিশু পরিচর্যা কেন্দ্রগুলির জন্য প্রযোজ্য। আমরা আপনার পরামর্শের সমাদর করি এবং এটি আপনার প্রোগ্রামের একটি সার্থক সম্পদ হয়ে উঠুক এই কামনা করি। যদি আপনার কোনও প্রশ্ন বা মতামত থাকে, অনুগ্রহ করে **childcareinfo@health.nyc.gov.** এ ইমেল পাঠান।

আসুন শুরু করা যাক 3

কেন্দ্র-ভিত্তিক (গ্রুপ) শিশু পরিচর্যা কি? 3
অনুমতিপত্র 4

আইন অনুসরণ 5

পরিদর্শন 5
লঙ্ঘনের বিজ্ঞপ্তি 5
সর্বাধিক প্রচলিত লঙ্ঘন এবং তাদের কিভাবে এড়ানো যায় 6
অভিযোগসমূহ 7
বন্ধকরণ 7
সেবাদানকারীদের অধিকার সমূহ 7
সংশোধনকারী কার্যকলাপের পরিকল্পনা (CAP) 7
পিতামাতাদের প্রবেশাধিকার এবং জানার অধিকার 8

যোগ্য কর্মী 9

তত্ত্বাবধান সংক্রান্ত আবশ্যকতা 9
ন্যুনতম কর্মী সংখ্যা এবং কর্মী-শিশু অনুপাত 10
কর্মীর চাহিদা, দায়িত্ব এবং শিক্ষাগত যোগ্যতা 11
কর্মী প্রশিক্ষণ 13
অন্যান্য সুপারিশকৃত প্রশিক্ষণ 14
অপরাধের বিচার এবং শিশু নির্যাতন পরীক্ষা 14

নিরাপদ ও স্বাস্থ্যবান শিশু 15

স্বাস্থ্য সংক্রান্ত পরিচর্যা 15
আচরন ব্যবস্থাপনা এবং আশ্বাস 17
দৈনিক উপস্থিতি এবং অনুপস্থিতি 17
অনুমোদিত প্রতিনিধিবৃন্দ 17
ভ্রমণ 18
পরিবহন 18
পুষ্টি 20
শারীরিক কার্যকলাপ 20
টেলিভিশন দেখা 20
ঘুম এবং রাতের পরিচর্যা 21
গরম ও ঠান্ডা আবহাওয়া 21
পোষ্য 22

একটি নিরাপদ ও স্বাস্থ্যকর স্থান 23

অভ্যন্তরীণ সুযোগ সুবিধা সমূহ এবং জায়গা 23
অবস্থান 23
বাহির পথ (বহির্গমন) 23
সতর্কতা/অ্যালার্ম 24
সুরক্ষা 25
জানলার গরাদ বা সীমাবদ্ধ করার সরঞ্জাম সমূহ 25
অগ্নি সুরক্ষা 25
রান্নাঘর এবং খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত নিরাপত্তা 25
কীটপতঙ্গ নিয়ন্ত্রণ 26
সীসাযুক্ত রঙ এবং সীসার বিষক্রিয়া প্রতিরোধ 26
জলের পাইপ এবং শৌচাগার সমূহ 27
ডায়াপার পরিবর্তন 27
আলো এবং বাতাস বাতাসের ব্যবস্থা 27
আসবাবপত্র এবং সরঞ্জাম 27
বাইরের জায়গা 27
জল সুরক্ষা 28

পরিশিষ্ট 29

আসুন শুরু করা যাক

দি ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (Department of Health and Mental Hygiene) (স্বাস্থ্য বিভাগ) একটি পরিবেশ তৈরীতে, যেখানে আপনার শিশু বেড়ে উঠতে পারে। এই নির্দেশিকাটি আপনাকে আইন অনুসরণ করতে এবং পরিবারবর্গকে এই নিশ্চয়তা প্রদান করতে সাহায্য করে যে আপনি আপনার শিশুদের নিরাপত্তা, স্বাস্থ্য এবং প্রাথমিক শিক্ষা সুরক্ষিত করছেন এবং উন্নতি সাধন করছেন।

কেন্দ্র-ভিত্তিক (গ্রুপ) শিশু পরিচর্যা কি? [হেলথ কোড ধারা 47.01]*

কোনো শিশু পরিচর্যা কেন্দ্র হল শিশুর পরিচর্যা যাঃ

- বাড়িতে অবস্থিত নয়
- জন্ম থেকে 6 বছর বয়স পর্যন্ত শিশুদের সেবা প্রদান করে
- তিন বা আরো বেশী শিশুদের থাকার জায়গা আছে
- 12 মাস সময় মেয়াদের মধ্যে 30 দিনের বেশী সময়ে সপ্তাহে পাঁচ বা তার বেশী ঘন্টা ধরে শিশুদের সেবা প্রদান করে

শিশু পরিচর্যা কেন্দ্রগুলি নিউ ইয়র্ক সিটি হেলথ কোড (New York City Health Code, দি কোড) এর অনুচ্ছেদ 47 এবং অন্যান্য ধারা দ্বারা নিয়ন্ত্রিত। আপনার সুযোগ সুবিধা এবং এটিতে আপনার শিশুরা নিরাপদ এবং সুস্থ আছে সেটি নিশ্চিত করতে কর্মীর যোগান থেকে অগ্নি সতর্কতা, টিকাপ্রদান, ডায়াপার পরিবর্তন, স্বাস্থ্য বিভাগের যা যা প্রয়োজন এই কোডটি সেই সবকিছুই বিবৃত করে। এই কোডটি ভবন বিভাগ, অগ্নি বিভাগ, শিক্ষা বিভাগ এবং শিশু পরিষেবার জন্য প্রশাসনের থেকে অন্যান্য সিটি কোডগুলিকে এবং প্রয়োজনীয়তাগুলির মধ্যে সামঞ্জস্য বিধান করে।

আপনি নির্ধারিত মান বজায় রাখছেন (কি না), কিভাবে আপনি সময়মত ট্র্যাকে ফিরে আসছেন (এবং যদি ফিরে না আসেন তাহলে কি হবে) এবং এই প্রক্রিয়ার আপনার অধিকারগুলি কি তা সিটি কিভাবে স্থির করে সেই সম্বন্ধেও এই নির্দেশিকাতে আলোকপাত করা আছে।

*এই নির্দেশিকাটি বিস্তৃতভাবে দিকনির্দেশনা করে। আরো বিবরণের জন্য, ব্র্যাকেটের মধ্যের হেলথ কোড ধারার সহায়তা নিন। অন্যান্য সহায়ক ডকুমেন্ট এবং লিঙ্কের সাথে পরিশিষ্টতে সম্পূর্ণ অনুচ্ছেদ 47 এর একটি লিঙ্ক দেখতে পাবেন।

অনুমতিপত্র [হেলথ কোড ধারা 47.03–47.09]

একটি শিশু পরিচর্যা কেন্দ্র চালাতে আপনাকে স্বাস্থ্য দপ্তরের থেকে অবশ্যই একটি অনুমতিপত্র নিতে হবে। অনুমতিপত্রটি কেন্দ্রের প্রবেশদ্বারে প্রদর্শিত হতে হবে, পথচারীদের কাছে বা যারা এই সুবিধাটি নিতে আসছেন তাঁদের কাছে দৃশ্যমান হতে হবে। এটি অবশ্যই সিটি নির্ধারিত সময় মেয়াদে নবীকরণ করতে হবে, প্রতি দুবছরের বেশী সময় ব্যবধানে নয়।

অনুমতিপত্রটি পেতে, আপনার কেন্দ্রের যিনি অনুমতিপত্রটি আবেদন করার জন্য দায়িত্বপ্রাপ্ত (যেমন এডুকেশনাল ডিরেক্টর বা সাইট ডিরেক্টর) তাঁকে অবশ্যই স্বাস্থ্য দপ্তরের দ্বারা আয়োজিত একটি ওরিয়েন্টেশান সেশনে অংশগ্রহণ করতে হবে। আপনাকে অবশ্যই জমা করতে হবেঃ

- কেন্দ্রটির পরিকাঠামো সংক্রান্ত একজন আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারের পরিকল্পনা
- ভবন বিভাগ এর কাছ থেকে ভোগ দখলের একটি সার্টিফিকেট, যাতে এই মর্মে বলা আছে যে আপনার কেন্দ্রটি একটি শিশু পরিচর্যা কেন্দ্রের বাস্তব প্রয়োজনীয়তার সাথে মানানসই (উদাহরণ স্বরূপ, এর পর্যাপ্ত ফ্লোর স্পেস আছে, আমেরিকার প্রতিববন্ধী আইনের সাথে সঙ্গতিপূর্ণ, ইত্যাদি)
- একটি অগ্নি নিরীক্ষণের রিপোর্ট যেখানে কেন্দ্রটিকে অগ্নি সুরক্ষিত হিসাবে প্রত্যায়িত করা হয়েছে
- কর্মীবৃন্দ কোডের শর্তাবলী পূরণ করেছেন তার প্রমাণ, যেমন সার্টিফেকিশান এবং প্রশিক্ষণ, অপরাধের বিচার এবং শিশু নির্যাতন পরীক্ষা, এবং টিকাপ্রদান
- একটি সীসা-ভিত্তিক রঙ পরিদর্শনের রিপোর্ট
- কেন্দ্রটির কলের জল এবং পানীয় জলের ধারায় সীসার উপাদান পরীক্ষার রিপোর্ট
- অনুচ্ছেদ 47 এর আবশ্যিক বিষয়গুলি মেনে চলার নীতি এবং পদ্ধতি সমন্বিত একটি লিখিত নিরাপত্তার পরিকল্পনা [47.11]

আইন অনুসরণ

কোডের সকল নিয়ম এবং আইন অনুসরণ করা শিশু পরিচর্যা প্রোগ্রামগুলির জন্য গুরুত্বপূর্ণ। কোডটির একটি সংগঠিত গাইডলাইন আছে যা শিশুদের এবং কর্মীদের নিরাপত্তা উন্নীত করে। কোডটি অনুসরণ করতে ব্যর্থ হওয়ার ফলস্বরূপ অসুরক্ষিত পরিবেশের সৃষ্টি হতে পারে এবং শিশু ও কর্মীবৃন্দের মঙ্গল ব্যহত হতে পারে।

পরিদর্শন

- অনুমোদিত শিশু পরিচর্যা কেন্দ্রগুলি কোডটি মেনে চলছে এটি নিশ্চিত করতে স্বাস্থ্য দপ্তরের বছরে কমপক্ষে একবার সেগুলিকে পরিদর্শন করা প্রয়োজন। যে কেন্দ্রগুলি বেশী আইন অমান্য করে সেগুলি বারবার পরিদর্শন করা হবে। এই সব কারণেও পরিদর্শণ করা হয়ে থাকেঃ
  - অনুমতিপত্রের নবীকরণ
  - অভিযোগ সমূহ (পৃষ্ঠা 7 দেখুন) বা আইন ভঙ্গের রিপোর্টগুলির প্রতিক্রিয়া
  - লঙ্ঘন সংশোধন করার জন্য সিটির আদেশ মেনে চলা হয়েছে কিনা
- পরিদর্শনের শেষে, পরিদর্শক শিশু পরিচর্যা কেন্দ্রটিকে, কোনও আইন লঙ্ঘন হয়েছে কিনা এবং সেটি কোন তারিখের মধ্যে সংশোধন করতে হবে (কমপ্লায়েন্স টাইম) তা জানিয়ে একটি ইলেকট্রনিক রিপোর্ট দেবেন। যে আইন গুলো অমান্য করা হচ্ছিল তা সংশোধন করা হয়েছে কিনা পরীক্ষা করতে একজন পরিদর্শক কেন্দ্রটি আবার পরিদর্শন করবেন (নিশ্চয়তা নির্ধারণ)।
  - কেন্দ্রগুলির অবশ্যই ইমেইল থাকতে হবে। যদি ইমেল ঠিকানায় কোনও পরিবর্তন হয়, আপনি পরিদর্শনের সময় বা স্বাস্থ্য দপ্তরে 646-632-6100 নম্বরে যোগাযোগ করে তা আপডেট করতে পারেন।
- শিশু স্বাস্থ্য এবং নিরাপত্তার ক্ষেত্রে (পৃষ্ঠা 6 এ টেবিল দেখুন) আইন লঙ্ঘন কতটা বিপজ্জনক সেই অনুযায়ী আইন লঙ্ঘন গুলি ক্রমাঙ্কিত করা হয়ে থাকে। সবথেকে বেশী বিপজ্জনক থেকে সবথেকে কম বিপজ্জনকঃ জনস্বাস্থ্যের বিপদ, গুরুতর লঙ্ঘন ও সাধারণ লঙ্ঘন। প্রত্যেক ধরণের লঙ্ঘনের জন্য স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন ধরণের প্রতিক্রিয়া এবং পরিণতি আছে।

লঙ্ঘনের বিজ্ঞপ্তি

যদি কোন কেন্দ্র জনস্বাস্থ্যের বিপদ বা গুরুতর লঙ্ঘন সংশোধন করতে ব্যর্থ হয়, সেটি একটি লঙ্ঘনের বিজ্ঞপ্তি (Notice of Violation, NOV) পাবে, যাঃ

- শিশু পরিচর্যা প্রদানকারীকে OATH শুনানি বিভাগে একটি শুনানিতে হাজিরা এবং শুনানির তারিখ, সময় এবং স্থান সম্পর্কে বলা থাকবে
- কিভাবে NOV টির জবাব দিতে হয় সেই তথ্য থাকবে
- সেবা প্রদানকারীকে অবগত করে যে সে (পুরুষ/মহিলা) স্বাস্থ্য দপ্তরের রায় কে চ্যালেঞ্জ জানাতে প্রমাণ জমা করতে পারে,আত্মপক্ষ সমর্থন করতে পারে এবং/বা আইন মান্য করছে তা দেখাতে পারে

সর্বাধিক প্রচলিত লঙ্ঘনএবং তাদের কিভাবে এড়ানো যায়

লঙ্ঘনের ধরণ	শিশু স্বাস্থ্য এবং নিরাপত্তাতে বিপদের মাত্রা	মেনে চলার সময় এবং নিশ্চয়তা প্রদানেপদক্ষেপসমূহ	সম্ভাব্য ফলাফল সমূহ
জনস্বাস্থ্যের বিপদের ঝুঁকি	***সর্বাধিক গুরুতর,*** শিশু স্বাস্থ্য এবং নিরাপত্তাতে আসন্ন বিপদের কারণ	অবিলম্বে স্বাস্থ্য দপ্তরের সম্মতি পরিদর্শন দ্বারা অনুসৃত	***যদি অবিলম্বে সংশোধন না করা হয়,*** সংশোধন না হওয়া পর্যন্ত কেন্দ্রটি বন্ধ করে দেওয়া হবে এবং অনুমোদন বাতিল করে দেওয়া হবে; একটি লঙ্ঘনের বিজ্ঞপ্তি (NOV), জরিমানা বা অন্যান্য শাস্তি দেওয়া হবে
গুরুতর লঙ্ঘন	***গুরুতর,*** কিন্তু স্বাস্থ্য এবং নিরাপত্তাতে আসন্ন বিপদের ঝুঁকি নেই	2 সপ্তাহের মধ্যে স্বাস্থ্য দপ্তরের একটি সম্মতি পরিদর্শন দ্বারা অনুসৃত	কমপ্ল্যায়েন্সের নির্ধারিত দিনে বা পরে অঘোষিত পুনঃ পরিদর্শন ***যদি সংশোধন না করা হয়,*** একটি NOV, জরিমানা বা অন্যান্য শাস্তি ইস্যু করা হবে
সাধারণ লঙ্ঘন	***ছোটখাটো,*** স্বাস্থ্য এবং নিরাপত্তাতে প্রত্যক্ষ প্রত্যক্ষ বিপদের ঝুঁকি নেই।	1 মাস এবং স্বাস্থ্য দপ্তরের লঙ্ঘন সংক্রান্ত কোনও পরিদর্শণ হবে না ৫ বা তার কম সাধারণ লঙ্ঘন হলে	6 বা তার বেশী সাধারণ লঙ্ঘনঃ হলে কমপ্ল্যায়েন্সের নির্ধারিত দিনে বা পরে অঘোষিত পুনঃ পরিদর্শণ 5 বা তার কম হলে পরিদর্শনের প্রয়োজন নাও হতে পারে

যদি আপনি পরিদর্শনের মধ্যে বিচ্যুতি খুঁজে পান, আপনাকে সঙ্গে সঙ্গে অতি অবশ্যই তা সংশোধন করাতে হবে। কোডটি সম্বন্ধে প্রশ্ন থাকলে যে কোনও সময় স্বাস্থ্য দপ্তরের সাথে যোগাযোগ করুন বা কেন্দ্রটি পরিদর্শনের অনুরোধ করুন (পরিশিষ্টঃ কেন্দ্র পরিদর্শনের অনুরোধ)।

অভিযোগসমূহ

পিতা মাতা, কর্মী, অতিথি বা পথচারী-যে কেউ- আপনার কেন্দ্রের বিরুদ্ধে একটি অভিযোগ জানাতে পারে। স্বাস্থ্য দপ্তর এই অভিযোগগুলিকে গুরুত্বের সাথে দেখে এবং সেগুলির তদন্ত করে।

বন্ধকরণ [হেলথ কোড ধারা 47.77]

স্বাস্থ্য দপ্তর কিছু আইনের লঙ্ঘনকে এত গুরত্বের সাথে বিবেচনা করে যে শিশু পরিচর্যা কেন্দ্র কোনও মামলা মকদ্দমা ছাড়াই বন্ধ করে দেওয়া হয়। যখন একটি স্বাস্থ্য সংক্রান্ত বিপদ থাকে যা সুস্পষ্ট এবং আসন্ন এবং যা 24 ঘন্টার মধ্যে নিরসন করা বা সংশোধন করা সম্ভব নয় সেক্ষেত্রে পরিচর্যা কেন্দ্রটি স্বাস্থ্য দপ্তর বন্ধ করার একটি নির্দেশ (অনুমতিপত্রটির সাময়িক স্থগিতাদেশ) ইস্যু করবে। পিতা মাতা এবং অন্যান্য পরিচর্যা প্রদানকারী যারা শিশু পরিচর্যা কেন্দ্র থেকে শিশুদের বাড়িতে পৌছে দেয় তাঁদের মধ্যেও একটি বিজ্ঞপ্তি বিলি করা হবে। যখন স্বাস্থ্য দপ্তর মনে করবে যে শিশুদের জন্য আর কোনও আসন্ন বিপদের সম্ভাবনা নেই তখন কেন্দ্রটি খোলা যেতে পারে।

স্বাস্থ্য দপ্তর একটি অনুমতিপত্র প্রত্যাখান করতে, নির্দিষ্ট সময়ের জন্য ফিরিয়ে নিতে বা একেবারে প্রত্যাহারও করতে পারে। অনুমতিপত্র ছাড়া একটি শিশু পরিচর্যা পরিচর্যা কেন্দ্রের কার্যকলাপ বেআইনি এবং তার ফলস্বরূপ সেটি বন্ধ করে দেওয়া হবে।

সেবাদানকারীদের অধিকার সমূহ

- বন্ধ করার নির্দেশ, কেন কেন্দ্রটি আবার আবার খোলা উচিৎ তা দেখাবার এবং/অথবা শুনানিতে প্রমাণ হিসাবে লঙ্ঘনটি সংশোধিত হয়েছে তা উপস্থাপন করার, আপনাকে একটি সুযোগ দেয়।
- ব্যবসার মালিকের অধিকারের বিলটিও আপনাকে অধিকার দেয়ঃ
  - শুনানি, বিচার বা অন্যান্য প্রক্রিয়ার মাধ্যমে লঙ্ঘনটিকে বিরোধিতা করতে।
  - পরিদর্শনের ফলাফলের একটি পর্যালোচনা বা স্বাস্থ্য দপ্তরের পুনরায় পরিদর্শনের অনুরোধ করার।

সংশোধনকারী কার্যকলাপের পরিকল্পনা (CAP) [হেলথ কোড ধারা 47.21]

(পরিশিষ্ট: শিশু পরিচর্যা প্রোগ্রামের সংশোধনকারী কার্যকলাপের পরিকল্পনা)

একটি শিশু পরিচর্যা প্রদানকারী অবশ্যই একটি সংশোধনকারী কার্যকলাপের পরিকল্পনা (corrective action plan, CAP) জমা দেবে এটি দেখাতে যে সে (পুরুষ/নারী) কোডটি অনুসরণ করতে ইচ্ছুক এবং সমর্থ। অনুমতিপত্রের ধারক স্বাস্থ্য দপ্তরে CAP জমা করা এবং CAP রূপায়ন করার জন্য দায়বদ্ধ। দু ধরণের CAP আছেঃ

- ফৌজদারী অভিযোগ, দোষী সাব্যস্ত বা রাজ্য কেন্দ্রীয় নিবন্ধন ইঙ্গিত, বা যারা একটি চলমান তদন্তের অংশ এমন একজন ব্যক্তিকে নিযুক্ত করার আগে অনুমতিপত্রের ধারককে **পাঁচ দিনের মধ্যে কর্মীর একটি CAP** স্বাস্থ্য দপ্তরে জমা দিতে হবে।
- অনুমতিপত্রের ধারককে স্বাস্থ্য দপ্তরে **ঘটনার একটি CAP** জমা করতে হবে। ঘটনার একটি CAP এর তিনটি অংশ আছেঃ
  1. ঘটনার বিবরণ
  2. প্রতিক্রিয়ার রিপোর্ট
  3. স্বাস্থ্য সম্পর্কিত বিপদের সম্ভাবনা সংশোধন করার জন্য গৃহীত পদক্ষেপ বা পরিকল্পনা
- শিশুদের কে আঘাত/ক্ষতি, হিংসাত্মক বা ড্রাগের ব্যবহারে অতিরিক্ত গুরুত্ব আরোপ করে স্বাস্থ্য দপ্তর CAP টি অনুমোদন বা প্রত্যাখ্যান করে।
- স্বাস্থ্য দপ্তর যতক্ষণ না CAP টি স্বীকার করছে কেন্দ্রটিকে ততক্ষণ সেটিকে পরিমার্জনা করতে হবে। কেন্দ্রটি তারপর পরিকল্পনাটি কার্যকর করবেন এবং গৃহীত পদক্ষেপ গুলি পরীক্ষা করা হয়েছে এই জানিয়ে কর্মীর থেকে একটি নোটারি করা বিবৃতি নিয়ে তা প্রদান করবেন।

পিতামাতাদের প্রবেশাধিকার এবং জানার অধিকার [হেলথ কোড ধারা 47.67 (d)]

(পরিশিষ্ট: NYC চাইল্ড কেয়ার কানেক্ট)

- পিতা মাতার তাঁদের শিশুদের কাছে সব সময় বাধানিষেধহীন প্রবেশাধিকার থাকতে হবে।
- পিতা মাতাকে টেপে বা অনলাইনে শিশু পরিচর্যার সেটিং দেখাবার জন্য কেন্দ্রটি ভিডিও ক্যামেরা লাগাতে পারে। তবে, কর্মীদের ক্ষেত্রে, ভিডিও নজরদারি সরাসরি চোখে-চোখে-রেখে তত্বাবধানের কোনও বিকল্প নয়।
  - পিতা মাতা এবং সকল কর্মীকে লিখিত ভাবে এ ক্যামেরাগুলির ব্যবহার ব্যবহারের উদ্দেশ্য এবং ক্যামেরাগুলির ব্যবহারের উদ্দেশ্য সম্পর্কে অবহিত করতে হবে।
  - শিশুর নথীভুক্তির সময়, কেন্দ্রের লিখিত নিরাপত্তার পরিকল্পনায় এবং কোডটিতে যে রকম প্রয়োজন সেই অনুসারে তত্বাবধান এবং উপস্থিতির নিয়ম, আপৎকালীন পদ্ধতি সমূহ এবং অসুস্থতার ব্যবস্থাপনা সহ - কেন্দ্রটির নীতি এবং পদ্ধতি গুলির তথ্য পিতা মাতাকে জানাতে হবে।
  - সবথেকে সাম্প্রতিক পরিদর্শনের রিপোর্ট কিভাবে দেখা যাবে সে সম্পর্কে কেন্দ্রটিকে পিতা মাতাকে জানাতে হবে।
- কেন্দ্রটিকে একটি সাইন টাঙাতে হবে যেখানে পিতা মাতা এটিকে দেখতে পারেন, এটি জানিয়েঃ
  - কেন্দ্রটির সবথেকে সাম্প্রতিক পরিদর্শনের রিপোর্ট স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইটে বা 311 কল করার মাধ্যমে উপলব্ধ।
  - শিশু পরিচর্যা কেন্দ্রগুলির আবশ্যিক বিষয়গুলি 311 তে কল করার মাধ্যমে জানতে পারবে।
  - শিশু পরিচর্যা কেন্দ্রটি সম্বন্ধে অভিযোগগুলি 311 র মাধ্যমে জানানো যেতে পারে।

যেখানে সকলে দেখতে পারে সেখানে প্রদর্শন করুন

- আপনার অনুমতিপত্র
- স্বাস্থ্য দপ্তরের সবথেকে সাম্প্রতিক পরিদর্শনের বিজ্ঞপ্তি
- অভিযোগ জানাতে বা শিশু পরিচর্যার আবশ্যিকতার তথ্য জানতে 311 তে কল করা সম্বন্ধে তথ্য
- প্রত্যেক বেসিনে (বাথরুম, ডায়াপার পরিবর্তনের জায়গায়, ইত্যাদি) হাত-ধোয়ার পদ্ধতি

যোগ্য কর্মী

আপনার শিশু পরিচর্যা প্রোগ্রামে উন্নত পরিচর্যা প্রদান করতে যোগ্য কর্মী আবশ্যিক। উন্নয়ন মূলক ধারাবাহিকতার ক্রম স্বীকৃত করতে তাঁদের তত্বাবধানের অধীনে শিশুদের পরিচর্যায় বয়সের সাথে পরিচর্যায় যথোপযুক্ত শিক্ষাগত যোগ্যতা এবং সার্টিফিকেট যুক্ত শিক্ষকদের প্রশিক্ষিত করা হয়। এই বিশিষ্টকরণ তাঁদেরকে শিশুদের শেখার সুযোগ তৈরী করতে সমর্থ করে। পিতা মাতা বা অভিভাবকদের একটি শিশুর শিক্ষাগত অগ্রগতির সুস্পষ্ট তথ্য প্রদান করতেও বিশেষ প্রশিক্ষণগুলো শিক্ষকদের সহায়তা করতে পারে।

তত্বাবধান সংক্রান্ত আবশ্যকতা

- কোনও শিশুকে কখনই তত্বাবধান ছাড়া রাখা যাবে না। প্রত্যেক শিশু বা শিশুদের গ্রুপকে সব সময় চোখে চোখে রাখতে হবে।
- শিশু পরিচর্যার সময় যোগ্য কর্মীদের প্রয়োজনীয় অনুপাতে (পৃষ্ঠা 10 এ টেবিল দেখুন) কর্মরত থাকতে হবে। বিরতির সময়, মধ্যাহ্ন ভোজন এবং সাময়িক অনুপস্থিতির (তিন দিন বা তার কম) কর্মী-শিশু অনুপাত বজায় রাখতে সহযোগী কর্মীদের কে সেই জায়গা পূরণ করতে হবে।
- শিশুদের ঘুমাবার সময় এবং রাতে পরিচর্যার জন্য কর্মীদের সবসময় জেগে থাকতে হবে।

ন্যূনতম কর্মী সংখ্যা এবং কর্মী-শিশু অনুপাত [হেলথ কোড ধারা 47.23]

শিশুদের বয়স	কর্মী-শিশু অনুপাত	সর্ববৃহৎ গ্রুপের আকার	সর্ববৃহৎ গ্রুপের আকার প্রতি কর্মীর প্রয়োজনীয়তা
12 মাসের কম বয়সী	1 জন শিশু/সদ্যজাতের থেকে 4 জন শিশুর শিক্ষক*	8	2 জন শিশু/সদ্যজাতের ***বা*** 1 জন শিশু/সদ্যজাতের শিক্ষক এবং একজন সহকারি
12 থেকে 24 মাস	1 জন শিশু/সদ্যজাতের শিক্ষক 5 জন শিশুর জন্য শিক্ষক *	10	2 জন শিশু/সদ্যজাতর ***বা*** 1 জন শিশু/সদ্যজাতের শিক্ষক এবং একজন সহকারি
2 বছর থেকে 3 বছরের কম	6 জন শিশুর জন্য 1 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক	12	2 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক ***বা*** 1 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক এবং 1 জন সহকারি
3 বছর থেকে 4 বছরের কম	10 জন শিশুর জন্য 1 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক	15	2 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক ***বা*** 1 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক এবং 1 জন সহকারি
4 বছর থেকে 5 বছরের কম	12 জন শিশুর জন্য 1 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক	20	2 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক ***বা*** 1 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক এবং 1 জন সহকারি
5 বছর থেকে 6 বছরের কম	15 জন শিশুর জন্য 1 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক	25	2 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক ***বা*** 1 জন প্রিস্কুল গ্রুপ শিক্ষক এবং 1 জন সহকারি

* আপৎকালীন অবস্থার ক্ষেত্রে, 12 মাসের নীচে শিশুদের জন্য 1:3 কর্মী-শিশু অনুপাত আবশ্যক। **সুরক্ষার পরিকল্পনার আপৎকালীন পদ্ধতিগুলির** ধারায় অবশ্যই এগুলির উল্লেখ থাকতে হবে।

কর্মীর চাহিদা, দায়িত্ব এবং শিক্ষাগত যোগ্যতা [হেলথ কোড ধারা 47.13–47.17]

প্রি-স্কুল (বয়স 2 থেকে 6)

পদমর্যাদা	কর্তব্যসমূহ	শিক্ষাগত যোগ্যতা
শিক্ষাসংক্রান্ত পরিচালক*	কর্মী এবং প্রশিক্ষণের তত্ত্বাবধান শিক্ষা সংক্রান্ত পাঠ্যক্রম উন্নয়ন এবং কার্যকর করা প্রাত্যহিক স্বাস্থ্য পরিদর্শন সম্পন্ন করা অনুচ্ছেদ 47 এ উল্লেখিত নেই এরকম কর্মীদের কর্তব্যসমূহের রূপরেখা প্রণয়ন নিয়োগে অংশগ্রহণ যদি >40 শিশু পরিচর্যায় থাকে তাহলে শিক্ষনের কর্তব্যসমূহ পালন করতে পারেন না	শৈশবের শিক্ষায় বা সংশ্লিষ্ট শৈশবের শিক্ষায় BA ***এবং*** স্টেট সার্টিফিকেশন ***এবং*** 6 বছরের নীচের শিশুদের (47.13) জন্য 2 বছর বা তার বেশী গ্রুপ শিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতা
প্রিস্কুল গ্রুপ শিক্ষক	কার্যকলাপগুলির পরিকল্পনা করা একটি নির্দিষ্ট গ্রুপের শিশুদের তত্ত্বাবধান করা	প্রাথমিক শিশু শিক্ষায় বা সংশ্লিষ্ট বিষয়ে BA বা রাজ্য শিক্ষা বিভাগের সার্টিফিকেশন ***বা*** রাজ্য শিক্ষা বিভাগ দ্বারা স্বীকৃত সমতুল্য সার্টিফিকেশান ***বা*** প্রাথমিক শিশু শিক্ষায় BA এবং 5 বছরের তত্ত্বাবধানের অভিজ্ঞতা (যাদের 2008 এর আগে নিয়োগ করা হয়েছে) ***বা*** যোগ্যতা অর্জনের জন্য স্বাস্থ্য দপ্তর-অনুমোদিত 7 বছরের স্বীকৃত অধ্যয়নের পরিকল্পনা
সহকারী শিক্ষক	কার্যকলাপে সহায়তা করেন এবং গ্রুপ শিক্ষক ও শিক্ষা সংক্রান্ত পরিচালকের নির্দেশানুসারে শিশুদের তত্ত্বাবধান করেন	কমপক্ষে 18 বছর বয়সী হতে হবে ***সাথে*** উচ্চ বিদ্যালয়ের ডিপ্লোমা বা GED ***এবং*** কোডে যেরকম নির্দিষ্ট আছে সেই অনুযায়ী কলেজ ক্রেডিট, অভিজ্ঞতা এবং/বা অধ্যয়নের পরিকল্পনার বিভিন্ন সমন্বয়

রাতের পরিচর্যা

পদমর্যাদা	কর্তব্যসমূহ	শিক্ষাগত যোগ্যতা
শিক্ষাসংক্রান্ত পরিচালক (যোগ্য গ্রুপ শিক্ষক শিক্ষাসংক্রান্ত পরিচালক হতে পারেন)	রাতের পরিচর্যার তত্ত্বাবধান করেন	হেলথ কোড ধারা 47.13 এ উল্লিখিত মান অনুযায়ী ***বা*** BA, প্রাথমিক শিশু শিক্ষায় 12 টি ক্রেডিট সহ ***এবং*** 6 বছরের নিচের শিশুদের নিয়ে লাইসেন্সপ্রাপ্ত প্রোগ্রামে 2 বছরের অভিজ্ঞতা
সহকারী শিক্ষক	রাতের পরিচর্যা সহায়তা করেন	কমপক্ষে 18 বছর বয়সী হতে হবে ***সাথে*** উচ্চ বিদ্যালয়ের ডিপ্লোমা বা GED ***এবং*** কোডে যেরকম নির্দিষ্ট আছে সেই অনুযায়ী কলেজ ক্রেডিট, অভিজ্ঞতা এবং/বা অধ্যয়নের পরিকল্পনার বিভিন্ন সমন্বয়

শিশু/সদ্যজাত শিশু (24 মাসের কম বয়সী)

পদমর্যাদা	কর্তব্যসমূহ	শিক্ষাগত যোগ্যতা
শিক্ষাসংক্রান্ত পরিচালক*	কর্মী এবং প্রশিক্ষণের তত্ত্বাবধান শিক্ষা সংক্রান্ত পাঠ্যক্রম উন্নয়ন এবং কার্যকর করা প্রাত্যহিক স্বাস্থ্য পরিদর্শন সম্পন্ন করা অনুচ্ছেদ 47 এ উল্লেখিত নেই এরকম কর্মীদের কর্তব্যসমূহের রূপরেখা প্রণয়ন নিয়োগে অংশগ্রহণ যদি >40 শিশু পরিচর্যায় থাকে তাহলে শিক্ষনের কর্তব্যসমূহ পালন করতে পারেন না	শৈশবের শিক্ষায় বা সংশ্লিষ্ট শৈশবের শিক্ষায় BA ***এবং*** গ্রুপ শিক্ষক হিসাবে বা 24 মাসের কম বয়সের শিশুদের পরিচর্যা প্রদানকারী হিসাবে 1 বা বেশী বছরের অভিজ্ঞতা ***অথবা*** শিশু/সদ্যজাত শিশুদের পাঠ্যক্রমের কাজে 6 টি কলেজ ক্রেডিট ***অথবা*** স্বাস্থ্য দপ্তর স্বীকৃত অধ্যয়নের পরিকল্পনায় 6 টি ক্রেডিটের সমতুল্য
শিশু/সদ্যজাত শিশুর গ্রুপ শিক্ষক	কার্যকলাপ গুলির পরিকল্পনা করা একটি নির্দিষ্ট গ্রুপের শিশুদের পরিচর্যা এবং তত্ত্বাবধান করা	কমপক্ষে 21 বছর বয়সী হতে হবে ***সাথে*** প্রাথমিক শিশু শিক্ষায় সহকারী (AA বা AS) ডিগ্রী ***বা*** শিশু উন্নয়নে সহকারীর সার্টিফিকেট এবং 7 বছরের মধ্যে AA বা AS র জন্য অধ্যয়নের পরিকল্পনা ***বা*** উচ্চ বিদ্যালয়ের ডিপ্লোমা বা GED এবং কোডে যেরকম নির্দিষ্ট করা আছে সেই অনুযায়ী কলেজ ক্রেডিট, অভিজ্ঞতা এবং/বা অধ্যয়নের পরিকল্পনার বিভিন্ন সমন্বয়
সহকারী শিক্ষক	কার্যকলাপে সহায়তে করেন এবং গ্রুপ শিক্ষক ও শিক্ষা সংক্রান্ত পরিচালকের নির্দেশানুসারে শিশুদের তত্ত্বাবধান করেন	কমপক্ষে 21 বছর বয়সী হতে হবে ***সাথে*** উচ্চ বিদ্যালয়ের ডিপ্লোমা বা GED ***এবং*** কোডে যেরকম নির্দিষ্ট আছে সেই অনুযায়ী কলেজ ক্রেডিট, অভিজ্ঞতা এবং/বা অধ্যয়নের পরিকল্পনার বিভিন্ন সমন্বয়

অন্যান্য

পদমর্যাদা	কর্তব্যসমূহ	শিক্ষাগত যোগ্যতা
জলক্রীড়া সংক্রান্ত পরিচালক	কেন্দ্রের ভিতরে ও বাইরে সাঁতার কাটা এবং জলক্রীড়া সংক্রান্ত ক্রিয়াকলাপের তত্ত্বাবধান	কারেন্ট কার্ডিওপুলমনারি রিসাকসেশান (Cardiopulmonary resuscitation, CPR) সার্টিফিকেট ***এবং*** হয় একজন সার্টিফিকেট প্রাপ্ত সাঁতার প্রশিক্ষক বা একজন যোগ্যতাসম্পন্ন জীবনরক্ষক

* যদি কোন কেন্দ্রের প্রি–স্কুল এবং শিশু/সদ্যজাত শিশুর প্রোগ্রাম থাকে, তাহলে প্রতিটি অনুমতি পত্রের জন্য একজন করে ***দুজন*** শিক্ষা সংক্রান্ত পরিচালকঅবশ্যই থাকতে হবে। নাহলে প্রিস্কুল শিক্ষা সংক্রান্ত পরিচালক শিশু/সদ্যজাত শিশুদের প্রোগ্রামেরও তত্ত্বাবধান করলে কেন্দ্রটিকে অবশ্যই স্বাস্থ্য দপ্তরের থেকে অনুমোদন নিতে হবে।

কর্মী প্রশিক্ষণ [হেলথ কোড ধারা 47.37]

শিক্ষকেরা যাতে জরুরী পরিস্থিতিতে সক্রিয় হতে পারেন এবং শিশুদের শিক্ষা সংক্রান্ত পরিষেবা প্রদান করতে পারেন তা নিশ্চিত করতে স্বাস্থ্য দপ্তর নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করে থাকে। শিক্ষা সংক্রান্ত পরিচালক প্রশিক্ষন দেওয়ার (বা একজন সার্টিফিকেট প্রাপ্ত প্রশিক্ষকের আয়োজন করার)এবং কর্মীরা প্রয়োজনীয় প্রশিক্ষণ পাচ্ছেন তা পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত।

প্রশিক্ষণের ধরণ	প্রয়োজনীয় কর্মী	প্রশিক্ষণের বিষয়বস্তু	প্রশিক্ষণের পুনরাবৃত্তির হার
শিশু নির্যাতন এবং উৎপীড়ন	কর্মচারী, স্বেচ্ছাসেবক এবং যাদের সাথে শিশুদের তত্ত্বাবধান ছাড়াই যোগাযোগ রয়েছে; 6 মাসের মধ্যে নতুন নিয়োগ করা হয়েছে	সনাক্তকরণ, রিপোর্ট করা শিশু নির্যাতন এবং উৎপীড়ন প্রতিরোধ এবং নিয়মকানুন	প্রত্যেক 24 মাসে
সংক্রমণ নিয়ন্ত্রণ	সকল শিক্ষক	সংক্রমণ যোগ্য রোগের নিয়ন্ত্রণ এবং রিপোর্ট করা	কমপক্ষে একবার; সহকারী শিক্ষক আবার করতে পারেন এবং 15-ঘন্টার দ্বিবার্ষিক প্রশিক্ষণের প্রয়োজনে ব্যবহার করতে পারেন
আপৎকালীন পদ্ধতি সমূহ	কর্মচারী, স্বেচ্ছাসেবক এবং যাদের সাথে শিশুদের তত্ত্বাবধান ছাড়াই যোগাযোগ রয়েছে	নিরাপত্তার পরিকল্পনা, জরুরী চিকিৎসা এবং গুরুতর ঘটনায় সক্রিয় হয়ে ওঠা, এবং খালি করার পরিকল্পনা সহ	বার্ষিক, সেইসাথে ঘোষিত এবং অঘোষিত অনুশীলন
CPR এবং প্রাথমিক চিকিৎসা*	সবসময় কমপক্ষে 1 জন সার্টিফিকেট প্রাপ্ত ব্যাক্তি কেন্দ্রে থাকবেন	কার্ডিওপালমনারি রিসাকসেশান (CPR) এবং অন্যান্য প্রাথমিক চিকিৎসা	প্রত্যেক 2 থেকে 3 বছরে
সেকেন বেবী এবং সাডেন ইনফ্যান্ট ডেথ সিনড্রোম (Sudden Infant Death Syndrome, SIDS)	শিশু/সদ্যজাত শিশু এবং রাতের পরিচর্যা কর্মী	সনাক্তকরন এবং প্রতিরোধ	কমপক্ষে একবার; সহকারী শিক্ষক আবার করতে পারেন এবং 15-ঘন্টার দ্বিবার্ষিক প্রশিক্ষণের প্রয়োজনে ব্যবহার করতে পারেন
সাধারণ প্রশিক্ষণ	সহকারী শিক্ষক	উপরোক্ত সকল বিষয়; সেইসাথে শিশু স্বাস্থ্য এবং সুরক্ষা এবং শৈশবের উন্নয়ন	প্রত্যেক 24 মাসে 15 ঘন্টা
জলক্রীড়া সংক্রান্ত	জলক্রীড়া সংক্রান্ত পরিচালক	CPR, অগ্রগতিশীল সাঁতার বা জীবনরক্ষার প্রশিক্ষণ	বাৎসরিক, প্রয়োজনমাফিক
খাদ্য সুরক্ষার সার্টিফিকেট	খাদ্য পরিষেবা ক্রিয়াকলাপের তত্ত্বাবধায়ক	খাদ্য সুরক্ষা, খাদ্য প্রস্তুত এবং মজুত করা সহ	একবার

*একজন স্টেট-সার্টিফিকেট প্রাপ্ত প্রশিক্ষক দ্বারা অতি অবশ্যই শেখাতে হবে

অন্যান্য সুপারিশকৃত প্রশিক্ষণ

ওষুধ পরিচালনাঃ যদি কোন প্রোগ্রাম ওষুধ দেয়, নিরাপদ ও সুস্থ শিশু (পৃষ্ঠা 15) দেখুন।

অপরাধমূলক বিচার এবং শিশু নির্যাতন পরীক্ষা
[হেলথ কোড ধারা 47.19]

নিউইয়র্ক স্টেট সংশোধণী আইন23A ও দেখুন (পরিশিষ্ট: অপরাধমূলক পশ্চাদপট এবং রাজ্য কেন্দ্রীয় রেজিস্ট্রার পরীক্ষা)।

- বাছাই
  - নিয়োগের পূর্বে, যে কেউ যাঁদের কেন্দ্রের শিশুদের সাথে তত্বাবধান ছাড়া যোগাযোগ থাকতে পারে সিটির অনুসন্ধান বিভাগ দ্বারা তাঁদের আঙুলের ছাপ অবশ্যই পরীক্ষিত হতে হবে এবং তাঁদের অপরাধের রেকর্ড বা শিশু নির্যাতন এবং উৎপীড়নের তথ্য রাজ্যব্যাপী কেন্দ্রীয় রেজিস্ট্রারে (Statewide Central Register, SCR) অন্তর্ভুক্তি আছে কিনা তা পরীক্ষা করতে হবে।
  - প্রত্যেক কর্মচারীকে প্রতি দু বছর অন্তর পরীক্ষা করতে হবে।
  - পিতা মাতা এবং পিতা মাতার-অনুমোদিত প্রতিনিধিগণ পরীক্ষা থেকে অব্যাহতি পাবে।
  - পরীক্ষার ছাড়পত্রের জন্য অপেক্ষারত কাউকে শিশুদের সাথে তত্বাবধান ছাড়া যোগাযোগ করতে দেওয়া নাও হতে পারে।
- সম্মতি
  - কেন্দ্রটিকে অবশ্যই আঙুলের ছাপের এবং পূর্ব অপরাধের পরীক্ষার লিখিত সম্মতি পেতে হবে। যে ব্যক্তিটিকে পরীক্ষা করা হবে তাঁকে অবশ্যই একটি লিখিত বিজ্ঞপ্তি প্রদান করতে হবে যে এই তদন্তের প্রতিবেদন SCR এ জমা দেওয়া হবে।
  - যদি সেই ব্যাক্তি পরীক্ষিত হতে সম্মত না হন, তাঁকে নিয়োগ করা বা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া নাও হতে পারে।
- অপরাধমূলক রেকর্ড, গ্রেপ্তারি বা শিশু উৎপীড়নের অভিযোগ সমূহ
  - একজন সম্ভাব্য কর্মচারীর পূর্ববর্তী অপরাধমূলক পটভূমি তাঁকে একটি শিশুর সাথে কাজ করার পথে বাঁধা সৃষ্টি করবে কিনা তা স্থির করতে কেন্দ্রটি অবশ্যই একটি মূল্যায়ন করবে। যদি SCR "পাওয়া গেছে" বলে কোনও চিঠি দেয়, কেন্দ্রটিকে 24 ঘন্টার মধ্যে অবশ্যই সেই তথ্যটি স্বাস্থ্য দপ্তরকে রিপোর্ট করতে হবে। (পরিশিষ্ট: অপরাধ মূলক পটভূমি এবং রাজ্য কেন্দ্রীয় রেজিস্ট্রার পরীক্ষণ)।
  - যদি কেন্দ্রটি এমন কাউকে নিয়োগ করতে চায় যিনি গত 10 বছরের মধ্যে কখনও গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হয়েছিলেন, অভদ্র আচরণের জন্য দোষী সাব্যস্ত হয়েছিলেন বা একটি গুরুতর অপরাধ বা আচরণের অভিযোগ এখনও আদালতে ফয়সালা না হয়ে থাকে তবে কেন্দ্রটিকে পাঁচ দিনের মধ্যে অবশ্যই একটি **Staff CAP** জমা করতে হবে। ব্যক্তির নিয়োগ চূড়ান্ত করার আগে স্বাস্থ্য দপ্তরকে Staff CAP টি অবশ্যই অনুমোদন করতে হবে।
  - বর্তমান কোনও কর্মচারী যদি গ্রেপ্তার হন তাহলে 24 ঘন্টার মধ্যে তাঁকে অবশ্যই তা কেন্দ্রটিকে জানাতে হবে। কেন্দ্রটি এই গ্রেপ্তারের খবর জানার 24 ঘন্টার মধ্যে স্বাস্থ্য দপ্তরকে সেটি জানাবে।
  - গ্রেপ্তারের খবর জানার 24 ঘন্টার মধ্যে কেন্দ্রটিকে SCR এর কাছে একটি তদন্তের রিপোর্ট জমা করতে হবে। ব্যাক্তিটিকে অভিযোগ মুক্ত করা হবে কিনা তা নির্ধারণ করা একটি শিশু নির্যাতন বা উৎপীড়নের পরীক্ষিত রিপোর্টের উপর নির্ভরশীল। যদি SCR "পাওয়া গেছে" বলে কোনও চিঠি দেয়, কেন্দ্রটিকে 24 ঘন্টার মধ্যে অতি অবশ্যই সেই তথ্যটি স্বাস্থ্য দপ্তরকে রিপোর্ট করতে হবে। (পরিশিষ্ট: অপরাধ মূলক পটভূমি এবং রাজ্য কেন্দ্রীয় রেজিস্ট্রার পরীক্ষণ)।
- আঘাত, ক্ষতি বা মৃত্যুর বিজ্ঞপ্তি [হেলথ ধারা কোড 47.19(g); 47.27 (c)(3)]
  - একজন কর্মচারী, স্বেচ্ছাসেবক বা কেন্দ্রের প্রতিনিধির পরিচর্যায় থাকাকালীন যদি একটি শিশু হারিয়ে যায়, গুরুতর আঘাত পায় বা মারা যায় তাহলে কেন্দ্রটিকে 24 ঘন্টার মধ্যে SCR কে জানাতে হবে। প্রোগ্রামটিকে SCR কে জানাবার 24 ঘন্টার মধ্যে স্বাস্থ্য দপ্তরকে জানাতে হবে।
- স্থগিতাদেশ এবং অন্যান্য সতর্কতামূলক ব্যবস্থা

একজন কর্মরত বা সম্ভাবনাময় কর্মচারীকে পুরোপুরি একটি ফয়সালা না হওয়া অপরাধমূলক কাজ বা নির্যাতন, উৎপীড়নের দায়ের করা *অভিযোগ* বা তদন্তের ভিত্তিতে বরখাস্ত বা নিয়োগ করতে অস্বীকার করা ঠিক হবে না। যতক্ষন অভিযোগটি খারিজ না হচ্ছে এবং শিশু পরিচর্যা কেন্দ্রটির (পরিচালকের) মূল্যায়নের ওপর ভিত্তি করে নিয়োগ স্থগিত, বা বিলম্বিত হতে পারে।

নিরাপদ ও স্বাস্থ্যবান শিশু

শিশু পরিচর্যা কেন্দ্রে নথিভুক্ত সকল শিশুর সুরক্ষিত এবং স্বাস্থ্যবান হওয়া জরুরী। যে সকল শিশু আপনার প্রোগ্রাম শুরু করে তাঁরা মেডিক্যালি ক্লীয়ার্ড এবং যতদিন তাঁরা নথীভুক্ত থাকবে ততদিন ক্লীয়ার্ড ই থাকবে তা নিশ্চিত করতে প্রয়োজনীয়তাগুলি এই ধারাটি সংক্ষেপে বিবৃত করে । কেন্দ্রের মধ্যে শিশুদের জন্য এবং বাইরে বেড়ানোর সময় পরিচর্যা এবং জবাবদিহিতা এবং গুরুত্বপূর্ণ পুষ্টির প্রয়োজনীয়তা গুলির তথ্যও আপনি জানতে পারবেন।

স্বাস্থ্য সংক্রান্ত পরিচর্যা [হেলথ কোড ধারা 47.25]

- পরীক্ষণসমূহ
  - ভর্তির আগে এবং স্বাস্থ্য দপ্তরের দ্বারা বাধ্যতামূলক নির্দিষ্ট সময়ের ব্যবধানে, সকল শিশুর স্বাস্থ্য সম্পর্কিত ইতিহাস এবং স্বাস্থ্য পরীক্ষা সহ একটি বয়সোপযোগী ডাক্তরি পরীক্ষা করাতে হবে।
  - স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে স্বাস্থ্য পরীক্ষাটির সংক্ষিপ্ত বিবরণ সহ স্বাক্ষরিত একটি ফর্ম কেন্দ্রটিকে দিতে হবে। এই ফর্মটিতে যে পরিস্থিতি (অ্যালার্জী সহ) বা রোগ যা ক্রিয়াকলাপে অংশগ্রহণে শিশুটির ক্ষতি করতে পারে, শিশুটিকে অংশগ্রহণ করতে সহায়তার জন্য পরামর্শ এবং শিশুটির চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনীয়তা মেটানোর পরিকল্পনা অন্তর্ভুক্ত করতে হবে।
  - কেন্দ্রটি অবশ্যই শিশু ও কর্মীদের জন্য সবধরনের চিকিৎসা সংক্রান্ত পরিচর্যা এবং আপৎকালীন অবস্থার রেকর্ড রাখবে। এই রেকর্ডগুলি গোপনীয়। সেগুলি শুধুমাত্র পিতা মাতা, পিতা মাতা দ্বারা অনুমোদিত ব্যক্তি এবং স্বাস্থ্য দপ্তরের জন্য উপলব্ধ।
- টিকাপ্রদান (পরিশিষ্ট: টিকাপ্রদানের তথ্য)
  - সকল শিশুকে সাম্প্রতিক নিউ ইয়র্ক রাজ্য জনস্বাস্থ্য আইন অনুযায়ী সংক্রামক রোগগুলির বিরুদ্ধে টিকাপ্রদান করতে হবে।
  - যদি টিকাপ্রদান শিশুটির স্বাস্থ্যের জন্য বিপজ্জনক হয়, একজন লাইসেন্সকৃত চিকিৎসা প্রদানকারী দ্বারা প্রত্যয়িত হয়, বা টিকাপ্রদান যদি পারিবারিক ধর্মীয় বিশ্বাসের বিরোধী হয় তাহলে টিকাপ্রদান থেকে ছাড় দেওয়া হয়।
- প্রত্যহ পরিদর্শন
  - প্রত্যেকদিন, বিশেষ করে খাওয়ার সময়, শিক্ষাসংক্রান্ত পরিচালক বা একজন দায়িত্বপ্রাপ্ত শিক্ষক অবশ্যই প্রত্যেক শিশুর স্বাস্থ্য পরীক্ষা করবেন। পরিচালক বা শিক্ষককে শিশুটির সাথে পরিচিত হতে হবে এবং অসুস্থতার লক্ষন চেনার জন্য প্রশিক্ষিত হতে হবে।

- সংক্রামক রোগ সমূহ (পরিশিষ্ট: শিশু পরিচর্যা প্রদানকারীদের জন্য সংক্রামক রোগের তালিকা)
  - যদি কোন শিশুর চিকেন পক্স, কংজাইটিভাইটিস, ডাইরিয়া, ডিপথেরিয়া, ফুড পয়জনিং, হেপাটাইটিস, হেমোফিলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ বি সংক্রমণ, চর্মরোগ, হাম, ম্যানেনজাইটিস(সব ধরণের), মেনিনজোকোককাল রোগ, মেথিসিল্লিন-রেজিসট্যান্ট স্টেফাইলোকক্কাস অরিয়াস (MRSA), মাম্পস, পারটুসসিস (হুপিং কাশি), পোলিওমাইলেটিস, রুবেলা (জার্মান হাম), সালমোনেলা, রক্ত জ্বর, টিউবারকোলসিস বা অন্য কোনও রোগ বা অবস্থা যা অন্য শিশুদের স্বাস্থ্যের পক্ষে বিপজ্জনক হতে পারে এমন কোনও কারণে অনুপস্থিত থাকে তাহলে পিতা মাতা কে 24 ঘন্টার মধ্যে তা কেন্দ্রটিকে অবগত করতে হবে।
  - HIV/AIDS এর জন্য রিপোর্ট করার প্রয়োজন নেই।
  - কেন্দ্রের পরিচর্যায় থাকা কোনও শিশু যার একটি টিকা-প্রতিরোধক অসুস্থতা, ম্যানেনজাইটিস বা টিবারকোলসিস, বা দ্রুত ছড়িয়ে পরে এমন রোগ বা কেন্দ্রথেকে কোন রোগের বা অবস্থার প্রাদুর্ভাব হয়েছে খবর পাওয়ার 24 ঘন্টার মধ্যে কেন্দ্রটিকে স্বাস্থ্য দপ্তরকে জানাতে হবে। নির্দিষ্ট রোগ বা অবস্থাটির উপর ভিত্তি করে স্বাস্থ্য দপ্তর অতিরিক্ত নির্দেশিকা প্রদান করবে।
  - সংক্রামক রোগে আক্রান্ত কোন কর্মীর কাজে আসা নিষিদ্ধ। **কেন্দ্রের মধ্যে সংক্রামক রোগে আক্রান্ত কাউকে থাকার সম্মতি দিলে তা হবে কোডের অধীনে শিশুদের স্বাস্থ্য এবং নিরাপত্তায় এবং জনস্বাস্থ্যের পক্ষে একটি অনিবার্য বিপদের সম্ভাবনা।**
- জরুরী চিকিৎসা ব্যবস্থা
  - জরুরী অবস্থা পরবর্তী পদ্ধতিগুলি (নিরাপত্তার পরিকল্পনাটিতে যে রকম উল্লেখিত আছে) এবং পুলিস, অগ্নি নির্বাপন বিভাগ, বিষক্রিয়া নিয়ন্ত্রন কেন্দ্র, শিশু নির্যাতনের হট লাইন এবং স্বাস্থ্য দপ্তরের টেলিফোন নম্বরগুলি প্রত্যেকটি ঘরে বা শিশুদের দ্বারা ব্যবহৃত অঞ্চলে সহজে-দেখা যায় এমন জায়গায় লাগিয়ে রাখতে হবে।
  - কেন্দ্রের আপৎকালীন পদ্ধতি সমূহ সম্বন্ধে পিতা মাতা কে জানানো।
  - যদি কোন শিশুর কোন আঘাত বা অসুস্থতার জন্য অবিলম্বে পরিচর্যার প্রয়োজন হয় তাহলে একজন ডাক্তার বা আপৎকালীন চিকিৎসকের সাথে যোগাযোগ করুন, এবং ততক্ষণাৎ পিতা মাতা কে অবগত করুন।
  - চিকিৎসা প্রদানকারীদের, পিতা মাতার এবং অবিভাবকদের যোগাযোগের তথ্য সবসময় আপ টু ডেট এবং ফাইলে রাখুন।
- ওষুধ
  - স্থির করুন কেন্দ্রটি ওষুধের তদারকি করবে কি না, এবং নিরাপত্তার পরিকল্পনার মধ্যে সেটিকে অন্তর্ভুক্ত করুন।
  - শুধুমাত্র একজন মনোনীত কর্মী সদস্য শিশুদের প্রেসক্রিপশনের ঔষধগুলি তদারকি করতে পারেন। তাঁকে (পুরুষ/মহিলা) কমপক্ষে 18 বছর বয়স হতে হবে, প্রাথমিক চিকিৎসা এবং CPR এ সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে, এবং অবশ্যই একটি ওষুধ পরিচালনার প্রশিক্ষণ (medication administration training, MAT) পেতে হবে।

- এমনকি যদি কেন্দ্রটির নিয়ম ওষুধ পরিচালনা করা নাও হয়, প্রতিবন্ধী আইনের সাহায্যে আমেরিকানরা নিয়মটিকে অগ্রাহ্য করতে পারে এবং একটি প্রতিবন্ধী শিশুকে ওষুধ প্রদান করতে (নার্স বা একজন সার্টিফিকেট প্রাপ্ত কর্মী দ্বারা) শিশু পরিচর্যা পরিষেবাটির গ্রহণ করতে পারে।

আচরণ ব্যবস্থাপনা এবং আশ্বাস [হেলথ কোড ধারা 47.01 (k)(2)(3); 47.67 (a)]

- শিশু আচরণ ব্যবস্থাপনার চিন্তা-চেতনার ওপর কেন্দ্রটি অতি অবশ্যই একটি লিখিত বিবৃতি তৈরী করবে। এটি প্রতিটি কর্মীকে বিলি করতে হবে, শিশু পরিচর্যা পরিষেবাটির মধ্যে একটি লক্ষণীয় জায়গায় টাঙাতে হবে এবং পিতা মাতা অনুরোধ করলে তাঁরা যেন সেটি পান তা দেখতে হবে।
- কখনও কোনো শিশুকে আঘাত করবেন না, হুমকি দেবেন না বা অপমান করবেন না। **এই শৃঙ্খলামূলক পদ্ধতিগুলির ব্যবহার শিশুর স্বাস্থ্য এবং নিরাপত্তায় একটি আসন্ন বিপদের সম্ভাবনা, এবং একটি জনস্বাস্থ্যের আসন্ন বিপদ হিসাবে বিবেচিত হয়, যা অবশ্যই স্বাস্থ্য দপ্তরে রিপোর্ট করতে হবে।**
- কষ্টের মধ্যে একটি শিশুকে সবসময় সান্ত্বনা দিন।

শিশু নির্যাতনের বাধ্যতামূলক রিপোর্টিং

যদি আপনি আপনার পরিচর্যায় থাকা কোনও শিশুর নির্যাতন দেখতে পান বা খবর পান, প্রথমেই আপনাকে স্টেটের কেন্দ্রীয় শিশু নির্যাতন এবং উৎপীড়ন রেজিস্ট্রার (SCR) এবং স্বাস্থ্য দপ্তরে রিপোর্ট করতে হবে। শিশুটিকে নিরাপদ করতে আপনাকে যথাযথ সংশোধনমূলক কার্য গ্রহণ করতে হবে। যদি আপনি তা করতে ব্যর্থ হন তাহলে আপনার অনুমতিপত্র বাতিল অথবা আপনার কেন্দ্রটি বন্ধ করে দেওয়া হতে পারে। কেন্দ্রে যারা কাজ করেন বা স্বেচ্ছাসেবক প্রত্যেকেই বাধ্যতামূলক ভাবেই রিপোর্টার এবং তাদেরকে প্রশিক্ষণ নিতে হবে। বাধ্যতামূলক রিপোর্টিং এর হটলাইন হল **800-635-1522.**

দৈনিক উপস্থিতি এবং অনুপস্থিতি [হেলথ কোড ধারা 47.27 (a), (c)(4)]

(পরিশিষ্ট: প্রাত্যহিক উপস্থিতি নথীভুক্ত করার ফর্ম)

- প্রত্যেকটি শিশুর নাম, ঢোকার এবং বেড়োবার সময় নিবেশ করে, প্রাত্যহিক উপস্থিতির রেকর্ড রাখুন। যখন পিতা মাতা তাঁদের শিশুদের নথীভুক্ত করাবেন তাঁদের শিশুটির নির্ধারিত আগমনের সময় এবং যে দিন শিশুটি অনুপস্থিত থাকবে তা কেন্দ্রটিকে এক ঘন্টার মধ্যেই অবগত করতে হবে।
- যদি কোন একটি শিশু অপ্রত্যাশিতভাবে সময়মত উপস্থিত না হয়, কেন্দ্রটি অতি অবশ্যই এক ঘন্টার মধ্যে হয় ফোন, টেক্সট, ইমেল বা অনতিবিলম্বে যোগাযোগের অন্য কোনও মাধ্যমে পিতা মাতা কে অবগত করবে। বিজ্ঞপ্তিটির একটি রেকর্ড রাখুন।

অনুমোদিত প্রতিনিধিবৃন্দ [হেলথ কোড ধারা 47.57 (h)]

(পরিশিষ্ট: অনুমোদিত এসকর্টের তালিকার ফর্ম)

- কেন্দ্রতে এবং কেন্দ্র থেকে একটি শিশুকে দিয়ে আসা বা নিয়ে যাওয়ার জন্য পিতা মাতা দ্বারা অনুমোদিত কোনও ব্যাক্তির একটি তালিকা রাখুন। এসকর্টের নাম, শিশুটির সাথে সম্পর্ক, ঠিকানা এবং যোগাযোগের তথ্য তালিকাটিতে অন্তর্ভুক্ত থাকা উচিৎ।
- অনুমোদিত প্রতিনিধি নয় এরকম কারোর দায়িত্বে শিশুটিকে ছেড়ে দেবেন না।



আপৎকালীন পরিস্থিতি

লক্ষণীয় স্থানে লাগান:

- ★ **আপৎকালীন পদ্ধতি সমূহ**
- ★ **টেলিফোন নম্বর:**
  - ◆ **পুলিস (আপনার নিকটবর্তী পুলিস ফাড়ি)**
  - ◆ **অগ্নি নির্বাপন বিভাগ**
  - ◆ **বিষক্রিয়া নিয়ন্ত্রণ কেন্দ্র**
  - ◆ **শিশু নির্যাতনের অভিযোগ জানানোর হটলাইন**
  - ◆ **স্বাস্থ্য দপ্তরের শিশু পরিচর্যা ব্যুরো কার্যালয়**

ভ্রমণ [হেলথ কোড ধারা 47.57(j)]

(পরিশিষ্ট: ভ্রমণের সমন্বয়কের জন্য নির্দেশিকা; কেন্দ্রগুলির জন্য হারিয়ে যাওয়া শিশু পরিকল্পনার নির্দেশিকা)

- কেন্দ্রটির অবশ্যই বেড়াতে যাওয়ার সমন্বয়কারীগণ, কর্মী সংক্রান্ত পরিকল্পনা, শিশুর দায়িত্ব ও হারিয়ে যাওয়ার প্রতিক্রিয়ার মতো বিষয়গুলো সংক্রান্ত নীতি ও পদ্ধতি সহ বর্তমানে লিখিত নিরাপত্তা পরিকল্পনা থাকতে হবে। (পরিশিষ্ট: লিখিত নিরাপত্তা পরিকল্পনা)। অনুমতি পত্রের আবেদন, অনুমতি পত্রের নবীকরনের সময় এবং নিরাপত্তার পরিকল্পনা যখনই আপডেট করবে, কেন্দ্রটিকে তা নিরাপত্তার পরিকল্পনা স্বাস্থ্য দপ্তরে জমা দিতে হবে।
- শিশুদের উদ্যান, গ্রন্থাগার, দোকান বা বাইরে অন্য কোথাও নিয়ে যাওয়ার আগেঃ
  - পিতা মাতা কে একটি অব্যাহতির ফর্ম স্বাক্ষর করতে হবে যাতে শিশুটির নাম এবং বয়স, গন্তব্যস্থল, পরিবহন পদ্ধতি (হাঁটা সহ), বেড়ানোর সময়কাল এবং প্রত্যাশিত বেড়ানোর ক্রিয়াকলাপ সমূহ অন্তর্ভুক্ত থাকবে। স্থানীয় ভ্রমণে আপনি একটি ফাঁকা অব্যাহতির ফর্ম ব্যবহার করতে পারেন।
  - কেন্দ্রটি ভ্রমণের সকল সম্ভাবনা সম্পর্কে অবশ্যই একজন সদস্য কর্মীকে মনোনীত এবং প্রশিক্ষিত করবে এবং শিশুটির দায়িত্ব সম্পর্কিত আপৎকালীন পদ্ধতিগুলি সম্বন্ধে খেয়াল রাখতে নির্দেশ দেবে।
- কর্মী নিয়োগ এবং শিশুর দায়িত্ব
  - প্রয়োজনীয় কর্মী-শিশু অনুপাত বজায় রাখা (চার্ট, পৃষ্ঠা 10) সমন্বয়কারী এই অনুপাতগুলিতেও পরি গণিত হতে পারেন।
  - সবসময়ের জন্য প্রত্যেক শিশুকে সরাসরি চোখে চোখে রেখে তত্বাবধান নিশ্চিত করুন। প্রাপ্ত বয়স্ক স্বেচ্ছাসেবক বা অতিরিক্ত কর্মীর এরকম করার প্রয়োজন হতে পারে।
  - প্রত্যেক শিশুকে সনাক্ত করতে কেন্দ্রের নাম যুক্ত টি-সার্ট বা অন্য ট্যাগ ব্যবহার করুন। শিশুটির নাম অন্তর্ভুক্ত করবেন না।
  - কেন্দ্রটি ছাড়ার আগে, কেন্দ্রতে ফিরে আসার সময়, ভ্রমণের সময় মাঝে মাঝে, স্থানটি ছেড়ে যাওয়ার আগে এবং স্থানটিতে আসার পর নাম-ধরে-শিশুর সংখ্যা গুণুন।
  - একটি বন্ধুত্ব মূলক পদ্ধতি তৈরী করে এবং/বা কর্মীদের ক্ষুদ্র গ্রুপ বরাদ্দ করে গ্রুপটিকে সঙ্ঘবদ্ধ রাখুন।
  - কোন হারিয়ে যাওয়া শিশু বা অন্য ধরনের আপৎকালীন অবস্থার জন্য সুস্পষ্ট পদ্ধতির সাথে তৈরী থাকুন।

পরিবহন [হেলথ কোড ধারা 47.65]

(পরিশিষ্ট: প্রাত্যহিক পরিবহনের লগ ফর্ম)

- কেন্দ্রের বাইরে যাওয়ার সময় যথোপযুক্ত কর্মী-শিশু অনুপাতে প্রাপ্ত বয়স্ক দ্বারা তত্বাবধান আবশ্যক।
- প্রোগ্রামটি দ্বারা প্রদত্ত বা চুক্তিবদ্ধ চালককে-অবশ্যই একটি অপরাধমূলক পটভূমি পশ্চাদপট এবং শিশু নির্যাতন সম্পর্কিত পরীক্ষা করতে হবে।

- ড্রাইভারদের অবশ্যই শিশুদের বাড়ি এবং কেন্দ্রের মধ্যে বা অন্য জায়গায় স্থানান্তকরনের নথীভুক্তকরণ করতে হবে।
- যানবাহনগুলিকে অবশ্যই যথোপযুক্ত অবস্থায় আইনানুগভাবে পরীক্ষিত এবং চালিত, এবং বয়সোপযোগী বসার জায়গা এবং সিট বেল্ট সহ সজ্জিত হতে হবে।

ওপরের পরিশিষ্টতে উল্লিখিত ফর্মগুলির জন্য নিরাপদ এবং স্বাস্থ্যবান শিশু বিভাগটি দেখুন।

পুষ্টি [হেলথ কোড ধারা 47.61]

প্রদানকারীকে শিশুদের প্রচুর পরিমাণে ফল এবং গোটা খাদ্যশস্য সহ বিভিন্ন ধরনের স্বাস্থ্যকর, ভাল-মানের, কম-লবণযুক্ত, কম-চর্বিযুক্ত খাদ্য প্রদান করতে হবে।

- পানীয়-কৃত্রিম বা প্রাকৃতিক মিষ্টি যুক্ত পানীয় দেবেন না।
  - জুস
    - শুধুমাত্র 2 বছর বা তার থেকে বড় শিশুদের কে জুস দিন
    - শুধুমাত্র 100 ভাগ জুস প্রদান করুন, দিনে একটি 4-আউন্স এর বেশী দেবেন না।
  - দুধ
    - 12 থেকে 24 মাসের সদ্যজাত এবং শিশুদের মিষ্টি ছাড়া/ গন্ধহীন দুধ প্রদান করুন।
    - 2 বছর বা তার থেকে বড় শিশুদের চর্বিবিহীন (নন ফ্যাট) বা 1 শতাংশ দুধ প্রদান করুন; উচ্চ চর্বিযুক্ত-দুধ অনুমোদন করা হয় যখন চিকিৎসাগত ভাবে প্রয়োজন হয়।
    - দুধের বিকল্পগুলি (যেমন সয়া দুধ) যা কৃত্রিম ভাবে মিষ্টি করা নেই এবং পুষ্টিগত দিক থেকে দুধের সমতুল্য তা প্রদান করুন।
  - জল
    - সারাদিন এবং খাবার ও স্ন্যাক্সের সাথে জল উপলব্ধ রাখুন।

শারীরিক কার্যকলাপ [হেলথ কোড ধারা 47.71]

(পরিশিষ্ট: পুষ্টি এবং শারীরিক কার্যকলাপ কেন্দ্রগুলির জন্য সবথেকে ভাল অভ্যাস)

- নির্ধারিত বিশ্রাম বা ঘুমের সময় ছাড়া, কোনও শিশুকেই একটানা 30 মিনিট অলসভাবে বসে থাকতে দেওয়া যাবে না।
- সারা-দিনের প্রোগ্রামের (ছয় ঘন্টা এবং 20 মিনিট বা তার বেশী) আওতাভুক্ত 12 মাস বা তার থেকে বেশী বয়সের শিশুদের কমপক্ষে 60 মিনিটের শারীরিক কার্যকলাপে অংশগ্রহণ করতে হবে। 12 মাস বা তার থেকে বেশী বয়সের শিশুরা যারা পুরো দিনের থেকে কম সময় উপস্থিত থাকে তাঁদেরকে সেই সময়ের আনুপাতিক সময় অংশগ্রহণ করতে হবে।
- 3 বছর বা তার বেশী বয়সের পুরো-দিনের প্রোগ্রামের শিশুদের জন্য, 60 মিনিটের মধ্যে কমপক্ষে 30 মিনিট শারীরিক কার্যকলাপ সং গঠিত এবং নির্দেশিত হতে হবে।

টেলিভিশন দেখা [হেলথ কোড ধারা 47.71]

- শিক্ষামূলক বা শিশুদের নড়াচড়ায় নিয়োজিত রাখবে এরকম প্রোগ্রামিং হতে হবে।
- 2 বছর বা তার থেকে কম বয়সী শিশুদের টেলিভিশন বা অন্য কোনও ভিজুয়াল রেকর্ডিং দেখতে দেওয়া যাবে না। 2 বছর বা তার থেকে বেশী বয়সের শিশুদের, সপ্তাহে 30 মিনিট বা তার বেশী টেলিভিশন বা অন্য কোনও ভিজুয়াল রেকর্ডিং দেখতে দেওয়া যাবে না।

শিশুদের এমন একটি পরিবেশে রাখতে হবে যা স্বাস্থ্যকর অভ্যাসে উৎসাহিত করে। পুষ্টিকর খাবার প্রদান এতে অন্তর্ভুক্ত। কোডে উল্লিখিত পুষ্টির জন্য অত্যাবশ্যক জিনিস গুলির পাশাপাশি, স্বাস্থ্য দপ্তর আপনাকে নিম্নলিখিত নির্দেশিকা অনুসারে খাবার প্রস্তুত করার জন্য সুপারিশ করেঃ

- সোডিয়াম (লবণ)
  - প্রাতরাশ: 425 mg বা কম
  - জলখাবার: 170 mg বা কম
  - দুপুরের এবং রাতের খাবার: 600 mg বা কম
  - প্রতিদিন মোট: 1,700 mg র বেশী নয়
- ফ্যাট
  - মোট ফ্যাটঃ প্রাত্যহিক খাওয়ার মধ্যে যে ক্যালোরির পরিমাণ তার 35 শতাংশের বেশী নয়
  - স্যাচুরেটেড ফ্যাটঃ প্রাত্যহিক খাওয়ার মধ্যে যে ক্যালোরির পরিমাণ তার 10 শতাংশের বেশী নয়
- ফাইবার
  - কমপক্ষে দিনে 19 গ্রাম

পিতা মাতাকে স্বাস্থ্যকর খাবারের ধরণগুলি বাছাই করতে সহায়তা করুন। পিতা মাতার মধ্যে স্বাস্থ্য দপ্তর-স্বীকৃত নির্দেশিকাগুলি বিতরণ করুন এবং এবং তাদের জানান যে কেন্দ্রে যে খাদ্য এবং পানীয় আসে এটি সেক্ষেত্রে প্রযোজ্য (পরিশিষ্টঃ পিতামাতাদের জন্য পুষ্টি নির্দেশিকা)।

ঘুম এবং রাতের পরিচর্যা

(পরিশিষ্ট: রাতের পরিচর্যার নিয়মাবলী এবং মানদন্ড সমূহ)

শিশুদের ঘুমাবার সময় এবং রাতে পরিচর্যার জন্য কর্মীদের সবসময় জেগে থাকতে হবে।

- সরঞ্জাম [হেলথ কোড ধারা 47.55 (b)]
  - যে সকল শিশু কেন্দ্রে দিনে চার ঘন্টার বেশী থাকে তাদের প্রত্যেকের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের ভোগ্য পণ্য সুরক্ষা কমিশনের অনুমোদিত একটি আলাদা খাট, বেবী বেড, মাদুর বা প্লে-পেন কেন্দ্রটিতে থাকতে হবে।
  - বেবী বেড বা সুদৃঢ় দোলনা, স্যানিটারি তোশক দিয়ে সজ্জিত থাকতে হবে এবং বাম্পার প্যাড, বালিশ, আলগা বিছানাপত্র বা অন্য দমবন্ধ হওয়ার ঝুঁকি মুক্ত থাকতে হবে।
  - কোনও স্টেকেবেল খাট বা বেবী বেড নয়।
  - প্রত্যেক শিশুর জন্য কম্বল, চাদর এবং বালিশের ওয়ার আলাদা ভাবে রাখুন; সেগুলি সপ্তাহে একদিন ধৌত করুন।
- ছোট শিশুদের ঘুমাবার শর্তাবলী [হেলথ কোড ধারা 47.67 (f)]
  - ঘুমাবার সময়, খাট বা বেবী বেডগুলিকে কমপক্ষে 2 ফুট দুরত্বে রাখুন।
  - যখন শিশুরা ঘুমাচ্ছে তখন তাদের ওপর সজাগ দৃষ্টি রেখে নিরাপদ ঘুমাবার পরিবেশ বজায় রাখা নিশ্চিত করুন। ঘুমন্ত ছোট শিশুদের প্রত্যেক 15 মিনিট অন্তর পরীক্ষা করুন। আপনার পর্যবেক্ষণ প্রদত্ত বা স্বাস্থ্য দপ্তর অনুমোদিত ফর্মে রেকর্ড করুন। ভিডিও নজরদারি কর্মীদের দ্বারা সরাসরি চোখে-চোখে রেখে তত্বাবধানের কোনও বিকল্প নয়।
  - পুরো দিনের প্রোগ্রামের আওতাভুক্ত শিশুদের জন্য আনুমানিক এক ঘন্টা এবং কম সময়ের প্রোগ্রামের আওতাভুক্ত শিশুদের জন্য আনুপাতিক পরিমাণ নিরুপদ্রব, নিরুদ্বেগ সময় রাখুন।
- রাতের পরিচর্যা [হেলথ কোড ধারা 47.69; 47.01 (o)]
  - রাতের পরিচর্যা হল যে কোনও শিশু পরিচর্যা পরিষেবা যা বিকাল 5 টা এবং সকাল 8 টার মধ্যে পরিচর্যা প্রদান করে থাকে। এর জন্য বিশেষ অনুমতিপত্র এবং অতিরিক্ত ফি লাগে [47.03 (c)]।
  - কোনও শিশুই 24-ঘন্টা সময় মেয়াদের 12 ঘন্টার বেশী সময় রাতের পরিচর্যায় কাটাবে না।
  - যখন সম্ভব হবে, শিশুদের ঘুমের সময় বিরক্ত না করে, তাদের ঘুমাবার আগে পরিচর্যা কেন্দ্রে নিয়ে আসতে হবে এবং ঘুম থেকে ওঠার পর নিয়ে যেতে হবে।
  - খাবার, দাঁতমাজা এবং শুতে যাওয়ার সময় সহ শিশুটির সান্ধ্য রুটিনের তথ্য পিতা মাতার থেকে জেনে নিন, এবং যতটা সম্ভব সেই রুটিন মেনে চলার চেষ্টা করুন।
  - রাতের পরিচর্যার প্রোগ্রামিং নিরুপদ্রব, নিরুদ্বেগ এবং ঘরোয়া হতে হবে।

গরম ও ঠান্ডা আবহাওয়া [হেলথ কোড ধারা 47.57 (d)(e)]

শিশুরা যেন গরম এবং ঠান্ডার উপযুক্ত পোশাক পড়ে সেটি নিশ্চিত করুন, বিশেষ করে যখন বাইরে খেলাধূলা করে। যখন খুব বেশী গরম বা ঠান্ডা পরে, তখন ঘরের ভিতরে নিরাপদ এবং সক্রিয় খেলাধূলার আয়োজন করুন। চরম আবহাওয়ার অবস্থা গুলিতে, নিউ ইয়র্ক সিটির আপৎকালীন ব্যবস্থাপনা বা কার্যালয় জাতিয় আবহাওয়া পরিষেবা কার্যালয় সময়ের আগে শিশুদের বাড়িতে পাঠাবার বা সেই দিনের জন্য কেন্দ্রটি বন্ধ করার সুপারিশ করতে পারে।

- তাপমাত্রা
  - নির্ধারিত তাপমাত্রায়, ওজোন বা বায়ু দূষণের উপদীষ্ট দিনে বা অত্যাধিক গরম পড়লে বা দেখা গেলে, শিশুদের এবং কর্মীদের কেন্দ্রের ভেতরে পর্যাপ্ত হাওয়া বাতাস যুক্ত এবং/বা বাতুনুকুল জায়গায় রাখুন।
  - গরমে ক্লান্তি বা গরমের স্ট্রোক প্রতিরোধ করতে ক্রিয়াকলাপ গুলি পরিবর্তন করুন।
  - নিশ্চিত করুন শিশুরা পান করার জন্য যেন পর্যাপ্ত জল পায়।
- ঠান্ডা
  - যখন বাইরের তাপমাত্রা 55 ডিগ্রীর কম থাকে, শিশুদের ব্যবহৃত সকল জায়াগায় এবং কেন্দ্রের ভিতরের তাপমাত্রা 68 এবং 72 ডিগ্রী ফারেনহাইটের মধ্যে রাখুন।

শিশুরা পোষাপ্রাণীর পরিচর্যার মাধ্যমে ক্রমবিকাশমান দক্ষতা আয়ত্ত করতে পারে বা প্রাণীদের সঙ্গে তত্ত্বধানকৃত সময় কাটাতে পারে। যাইহোক, পরিচর্যাকারীকে কামড়ানোর সম্ভাবনা, অ্যালার্জি সংক্রান্ত প্রতিক্রিয়া এবং প্রাণিগুলিকে জলাতঙ্কের জন্য টিকাপ্রদান করা হয়েছে কিনা সেগুলি বিবেচনা করতে হবে। শিশু পরিচর্যা কেন্দ্রগুলি বাম দিকের নোটে যেরকম উল্লেখিত আছে, সেইসব নির্দিষ্ট ধরণের ছোটখাট প্রাণীদের রাখার জন্য অনুমতিপ্রাপ্ত।

পোষ্য [হেলথ কোড ধারা 47.53]

- হ্যামস্টার, গার্বিল, গিনিপিগ, খরগোশ এবং মাছ শিশু পরিচর্যা কেন্দ্র গুলিতে অনুমোদিত।
- পোষ্যগুলিকে সুস্থ, কোনও রোগের লক্ষণ না থাকা, এবং শিশুদের জন্য কোনও বিপদের আশঙ্কা (কামড়ান, বিষাক্ত, ইত্যাদি) যুক্ত না হয় এরকম হতে হবে।
- পোষ্যগুলিকে খাঁচায় রাখতে হবে, এবং খাঁচাগুলি রোজ বা দরকার পড়লে প্রায়ই পরিস্কার করতে হবে।
- সরীসৃপ, কুকুর এবং বিড়াল শিশু পরিচর্যা কেন্দ্রগুলিতে নিষিদ্ধ [হেলথ কোড 161.01]

একটি নিরাপদ ও স্বাস্থ্যকর স্থান

শিশু পরিচর্যা কেন্দ্রগুলিতে সুরক্ষা, স্বাচ্ছন্দ্য এবং নিরাপত্তার ন্যূনতম মান বজায় রাখতে হবে। শিশুদের দিনের সব সময়ে সহজে চলাফেরা করতে সক্ষম হতে হবে। নিম্নলিখিত ধারায় যেরকম বিবৃত আছে সেই মানের সুযোগ সুবিধা বজায় রাখতে হবে।

নিরাপত্তা পরিকল্পনার নির্দেশি

নিরাপত্তা পরিকল্পনা প্রদান করুন

1. বিল্ডিং ব্যবস্থা সমূহের বিপর্যয় বা হঠাৎ ব্যর্থতা

a. বিদ্যুৎ বিভ্রাট

b. পানীয় জল সরবরাহ হ্রাস (জল যা পান করা নিরাপদ)

c. অভ্যন্তরীণ বন্যা

d. নিকাশী লাইন ফেটে যাওয়া

e. কাঠামোগত ব্যর্থতা

2. ধোঁয়া ও আগুনের ঘটনা

3. ঝড় এবং দুর্যোগপূর্ণ আবহাওয়া

এগুলি এবং অন্যান্য জরুরী পরিস্থিতিগুলির আশ্রয় দেওয়ার স্থান, বিল্ডিং এর মধ্যে স্থানান্তর এবং আংশিক বা সম্পূর্ণ খালি করে দেওয়ার পদ্ধতিগুলিও নিরাপত্তার পরিকল্পনায় অন্তর্ভুক্ত করুন।

অভ্যন্তরীণ সুযোগ সুবিধা এবং জায়গা [হেলথ কোড ধারা 47.41; 47.57 (f); 47.39; 47.41(h)]

শিশু পরিচর্যা কেন্দ্রের সুযোগ সুবিধায় কোনও পরিবর্তন হলে সে বিষয়ে স্বাস্থ্য দপ্তরকে সতর্ক করুন (47.09)।

- পরিষেবা চালু থাকার সময়, পরিচর্যায় থাকা শিশুদের জন্য অনুমোদিত শিশু পরিচর্যা ঘর এবং অঞ্চল ব্যবহার করুন। সেগুলিকে অন্য শিশুদের বা প্রাপ্ত বয়স্কদের সাথে শেয়ার করবেন না।
- শিশু প্রতি দেয়াল-থেকে-দেয়াল ন্যূনতম 30 ফুট ক্লাসরুমের জায়গা বরাদ্দ রাখুন।
- স্তম্ভ, রেডিয়েটার, খুঁটি বা অন্যান্য সম্ভাব্য ক্ষতিকারক কাঠামোর কাছে প্রতিরক্ষামূলক রক্ষিবাহিনী স্থাপন করুন।

অবস্থান

যে সব কেন্দ্রগুলি 1989 এর পরে অনুমতিপত্র পেয়েছে সেগুলি দোতলা, তিনতলা বা চারতলায় হতে পারে। যদি কোন কেন্দ্র সেপ্টেম্বর 2008 এর পর অনুমতিপত্র পায়, তবে সদ্যজাত/ছোট শিশুদের পরিচর্যার জায়গাটি অবশ্যই দোতলায় হতে হবে।

বাহির পথ (বহির্গমন) [হেলথ কোড ধারা 47.11(b)]

কেন্দ্রগুলিতে অবশ্যই থাকতে হবে:

- অগ্নিকান্ডের সময় বেরবার পথ, এছাড়াও ন্যূনতম দুটি বহির্গমন পথ
- প্রত্যেক বহির্গমন পথে পঠনযোগ্য, আলোকিত বহির্গমন চিহ্নসমূহ
- অনবরুদ্ধ হলঘর, সিঁড়ি, দরজা এবং নির্গমের পথ
- বাইরের দরজার ভিতরের দিকে, মেঝে থেকে 34 এবং 48 ইঞ্চির মধ্যে সহজে ঠেলে খোলা যায় এমন একটি প্যানিক বার, সহজে খোলা যায় এমন খিলযুক্ত ক্রসবার
- আপৎকালীন সময়ে সকল বহির্গমনের পথগুলিই ব্যবহারযোগ্য এটি নিশ্চিত করতে নির্গমনের পথগুলি বিল্ডিং এর এক কোণা থেকে অন্য কোণা পর্যন্ত অর্ধেক(1/2) দূরত্বের বেশী দ্বারা বিভাজিত হবে না।
- যে সব কেন্দ্রগুলি জুড়ে স্প্রিঙ্কলার আছে, নির্গমনের পথগুলি বিল্ডিং এর 1/3 কোণাকুণি দূরত্বের বেশী হতে পারবে না। শুধুমাত্র সদ্যজাত/ছোট শিশুদের প্রোগ্রামে স্প্রিঙ্কলার থাকতেই হবে।

সতর্কতা/অ্যালার্ম [হেলথ কোড ধারা 47.59]

(পরিশিষ্ট: কেন্দ্রের কার্যকারিতার চেকলিস্ট)

প্রত্যেক গ্রুপ শিশু পরিচর্যা কেন্দ্রগুলিতে অবশ্যই থাকতে হবে:

- অগ্নি সতর্কতা পদ্ধতি সমূহ (হস্তচালিত এবং স্বয়ংক্রিয়)
- অ্যালার্মসহ ধোঁয়া এবং কার্বন মনোক্সাইড সনাক্তকারী যা সব জায়গা থেকে শুনতে পারা যাবে
- অগ্নি সতর্কতা পদ্ধতি গুলি ও অন্যান্য সংশ্লিষ্ট পদ্ধতি গুলির তত্ত্বাবধানের জন্য যোগ্যতার সার্টিফিকেটযুক্ত একজন ব্যক্তি পরিষেবা প্রদানের সময় কেন্দ্রে কর্মরত থাকবেন (পরিশিষ্টঃ যোগ্যতার সার্টিফিকেটের জন্য আবেদন)

আপৎকালীন পরিস্থিতি

লক্ষ্যণীয় স্থানে লাগান:

- ★ **আপৎকালীন পদ্ধতি সমূহ**
- ★ **টেলিফোন নম্বর:**
  - ◆ পুলিস (আপনার নিকটবর্তী পুলিস ফাড়ি)
  - ◆ অগ্নি নির্বাপন বিভাগ
  - ◆ বিষক্রিয়া নিয়ন্ত্রন কেন্দ্র
  - ◆ শিশু নির্যাতনের অভিযোগ জানানোর হটলাইন
  - ◆ স্বাস্থ্য দপ্তরের শিশু পরিচর্যা ব্যুরো কার্যালয়

সুরক্ষা

কেন্দ্রটির প্রবেশদ্বার অবশ্যই হতে হবেঃ

- কর্মচারী দ্বারা মনিটর করা এবং/বা কোনও বাঁধা ছাড়া দেখতে পাওয়া যাবে এরকম ইলেক্ট্রনিক বা অন্যান্য নজরদারি ব্যবস্থা
- কর্মী, পিতা মাতা এবং অন্যান্য অনুমোদিত ব্যক্তিদের প্রবেশাধিকার সীমিত করতে ভিতরে প্রবেশের (পাসকি) পরিচয়পত্র বা অন্য কোনও ভাবে সুরক্ষিত

জানলার গরাদ বা সীমাবদ্ধ করার সরঞ্জাম সমূহ

আগুন লাগলে বেরবার জন্য যে জানলাগুলি খুলে দেওয়া হয় সেগুলি ছাড়া সকল জানলার গরাদ বা সীমাবদ্ধ করার সরঞ্জাম সমূহ থাকতে হবে। শুধুমাত্র সিটি-অনুমোদিত জানলার গরাদ বা সীমাবদ্ধ করার সরঞ্জাম এবং লাগানোর পদ্ধতি অনুমোদনযোগ্য।

আপৎকালীন পরিস্থিতি

আপৎকালীন পরিস্থিতির সরঞ্জামগুলিকে হাতের কাছে রাখুন

- ★ **প্রাথমিক চিকিৎসার বাক্স**
- ★ **CPR এর জন্য স্বচালিত বাহ্যিক ডিফিব্রিলেটর (Automated external defibrillator, AED)**
- ★ **মেডিভ্যাক চেয়ার**
- ★ **শিশু আকারের স্ট্রেচার**
- ★ **গো ব্যাগ**

অগ্নি সুরক্ষা [হেলথ কোড ধারা 47.59]

- শিশু পরিচর্যা কেন্দ্রগুলিকে মাসে একবার আগুন নেভাবার মহড়ার আয়োজন এবং লগ করতে হবে। কেন্দ্রটির অবশ্যই থাকতে হবেঃ
  - কার্যকর, অনুমোদিত এবং পরীক্ষিত অগ্নি নির্বাপক যন্ত্র
  - হিটারগুলির চারিপাশে প্রতিরোধক বেষ্টনী (কোনও স্পেস হিটার অনুমোদিত নয়)
  - অনুমোদিত এক্সহস্ট ফ্যান এবং গ্যাস স্টোভ এবং ওভেনগুলির জন্য আগুন দমন করার পদ্ধতি
  - কোনও বৈদ্যুতিক, রাসায়নিক, যান্ত্রিক বা অন্যান্য আগুন সম্পর্কিত বিপদের সম্ভাবনা থাকবে না
- কেন্দ্রগুলির অবশ্যই একটি অগ্নি সুরক্ষা পরিকল্পনা থাকতে হবে [47.11 (b)(9)] যা অর্ন্তভূক্ত করেঃ
  - অগ্নি প্রতিরোধ কৌশল
  - খালি করার যাত্রাপথ
  - অবগত করার,তদারকি করার, খালি করা ও শিশুদের এবং কর্মীদের গণনা পদ্ধতি
  - কেন্দ্রটির বাইরে আশ্রয়ের (আশ্রয় স্থল) নিরাপদ স্থান
  - FDNY পরিদর্শনকালে স্থানীয় অগ্নি নির্বাপন কর্মকর্তাদের সঙ্গে সমন্বয়
  - পিতামাতা এবং কর্তৃপক্ষকে অবগত করার পদ্ধতি

রান্নাঘর এবং খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত নিরাপত্তা [হেলথ কোড ধারা 47.61 এবং অনুচ্ছেদ 81]

কোডের অনুচ্ছেদ 81 অনুসারে খাদ্য মজুতকরণ, প্রস্তুত এবং পরিবেশন করা। আপনার কোন অতিরিক্ত খাদ্য পরিষেবা অনুমতিপত্রের প্রয়োজন নেই।

একটি খাদ্য সুরক্ষা সার্টিফিকেট প্রাপ্ত একজন খাদ্য পরিষেবা তত্ত্বাবধায়ক রান্নাঘরটি তত্ত্বাবধান করবেন। মজুতকরণ, প্রস্তুতি, রান্না করা, ঠান্ডা এবং গরমে রাখা এবং পরিষ্কার করার তদারকি করতে তিনি (পুরুষ/মহিলা) অবশ্যই কেন্দ্রের এলাকাতেই থাকবেন থাকবেন। কেন্দ্রটি যখন অন্য কোন জায়গায় খাবার পরিবেশন করে তখনও তাঁর (পুরুষ/মহিলা) প্রয়োজন হবে।

- যখন খাবার নিয়ে কাজ করছেন তখন সময় এবং তাপমাত্রার প্রয়োজনীয়তা অনুসরণ করুনঃ
  - প্রয়োজনীয় তাপমাত্রা এবং মজুত, প্রস্তুত এবং নির্দিষ্ট খাবার রান্না করার জন্য নিরাপদ পরিমাণ সময়ের জন্য অনুচ্ছেদ 81.09 পর্যালোচনা করুন।
  - গরম এবং ঠান্ডা মজুতঘরে এবং খাদ্য প্রস্তুতির সময় তাপমাত্রা মনিটর করতে একটি থার্মোমিটার ব্যবহার করুন।
- যখন খাবার নিয়ে কাজ করছেন তখন স্বাস্থ্যকর অভ্যাসগুলি অনুসরণ করুন [81.13]:
  - খাবার গুলিকে দূষিত হওয়া থেকে রক্ষা করুন (খাবারের পচন বা ব্যাকটেরিয়া বা চুল বা আবর্জনার মত বাইরের বস্তু খাবারে পরা)।
  - কাজ করবেন না যদি আপনি জানেন যে আপনার একটি সংক্রামক বা ছোঁয়াচে রোগ আছে।
  - চুলে জাল লাগান এবং ধোয়ার যোগ্য কাপড় পরিষ্কার করুন, এবং দূষন রোধ করতে যতবার প্রয়োজন ততবার পরিবর্তন করুন।
  - কাজ শুরু করার আগে টয়লেট ব্যবহার ব্যবহার, ধূমপান, হাঁচি বা কাশি, খাওয়া, পান করা বা অন্য কোনও কাজ যাতে হাত নোঙরা হতে পারে তার পরে হাত এবং বাহুর উন্মুক্ত অংশ ভাল করে সাবান এবং জল দিয়ে ধুয়ে নিন।
  - দস্তানা পরার আগে হাত ধুয়ে নিন।

- খাওয়ার জন্য প্রস্তুত খাবার গুলিকে খালি হাতের সংযোগ থেকে রক্ষা করতে দস্তানা পরুন বা অন্য প্রতিবন্ধক পদ্ধতি ব্যবহার করুন, যেমন চিমটা বা মোম কাগজ।

কীটপতঙ্গ নিয়ন্ত্রণ [হেলথ কোড ধারা 47.51]

(পরিশিষ্ট: আপনার রেস্তোরাঁকে পোকামাকড় মুক্ত রাখুন)

- প্রতিরোধ
  - ময়লা, আবর্জনা এবং খাবার শক্ত ঢাকনা যুক্ত সীল করা কীটপতঙ্গ- নিরোধক পাত্রে মজুত করুন।
  - ছড়ানো ছিটানো অবস্থা থেকে মুক্ত থাকুন।
  - মেঝে, বেসবোর্ড এবং পাইপের আশেপাশে কোনও গর্ত থাকলে তা যথাযথ জিনিস দিয়ে ভর্তি এবং সীল করুন।
  - কীটপতঙ্গদের ঘরগুলির মধ্যে চলাফেরা বন্ধ করতে ডোর সুইপস ইন্সটল করুন।
  - ট্যাম্পার-প্রতিরোধী পাত্র যেগুলি শিশুরা ধরতে পারবে না সেখানে আঠাযুক্ত ফাঁদ এবং ইদুরের টোপ রাখুন।
- নির্মূলকরণ
  - কীটনাশক প্রয়োগ করতে নিউ ইয়র্ক স্টেট পরিবেশ রক্ষা বিভাগের সার্টিফিকেট প্রাপ্ত লাইসেন্স থাকা পেশাদারদেরই শুধুমাত্র ভাড়া করুন।
  - নির্মূলকারীকে সবথেকে কম বিষাক্ত পদ্ধতি এবং পদার্থ ব্যবহার করতে বলুন।
  - যেসকল কীটনাশক ব্যবহৃত হয় তাঁর একটা রেকর্ড রাখুন। কিছু কিছু কীটনাশক শিশু পরিচর্যা পরিকাঠামোয় ব্যবহার করা বেআইনি।
  - কমপক্ষে 48 ঘন্টা আগে কীটনাশক প্রয়োগের কথা, এবং কোথায়, কখন এবং কি দ্রব্য ব্যবহৃত হবে তা নির্দিষ্ট করে পিতামাতা কে অবহিত করুন। একজন কর্মীর নাম এবং টেলিফোন নম্বর প্রদান করুন যার সাথে তাঁরা আরো তথ্যের জন্য যোগাযোগ করতে পারবেন। (আপনি 47.51 (c)(4) তে বিজ্ঞপ্তির ভাষা দেখে নিতে পারবেন।)

সীসাযুক্ত রঙ এবং সীসার বিষক্রিয়া প্রতিরোধ [হেলথ কোড ধারা 47.63]

(পরিশিষ্ট: গ্রুপ দিবা পরিচর্যা চালনাকারিদের যা জানা উচিৎঃ শৈশবে সীসার বিষক্রিয়া প্রতিরোধকরণ)

শিশু পরিচর্যা কেন্দ্রগুলিকে অবশ্যই সীসা-মুক্ত থাকতে হবে। খোলার আগে, কেন্দ্র চালনাকারী বা বিল্ডিং এর মালিককে একটি চাক্ষুষ সীসা সম্পর্কিত বিপদ সমীক্ষা করতে হবে। দপ্তর একটি অনুমতিপত্র ইস্যু করার আগে সমীক্ষাটির ফলাফল অবশ্যই স্বাস্থ্য দপ্তরে পাঠাতে হবে। যদি উপরিভাগগুলি সীসা-ভিত্তিক বা একটি অজানা উপাদানের রঙ করা থাকে তাহলে কেন্দ্র চালনাকারীকে প্রতি বছর সমীক্ষাটি চালাতে হবে। অনুমতিপত্র নবীকরণের তারিখের আগে তাদের ফলাফলগুলি স্বাস্থ্য দপ্তরে পাঠাতে হবে।

সীসার বিষক্রিয়া সংক্রান্ত যে কোনও মেরামতির কাজ অবিলম্বে করতে হবে। মেরামতিগুলির জন্য একজন EPA-সার্টিফিকেট প্রাপ্ত ঠিকাদারকে ভাড়া করুন।

- কল এবং প্রস্রবনের পানীয় জলে সীসা হ্রাস করতে ইউ.এস পরিবেশ সংরক্ষণ এজেন্সীর (Environmental Protection Agency, EPA) "3Ts" অনুসরণ করুন (পরিশিষ্টঃ বিদ্যালয়ে পানীয় জলে সীসা হ্রাস করতে 3Ts):
  - ***Train (প্রশিক্ষিত করুন)*** কেন্দ্রের কর্মীদের সীসার বিপদ, তার কারণ এবং স্বাস্থ্যে তার প্রভাব সম্বন্ধে সচেতনতা বাড়াতে।
  - ***Test (পরীক্ষা করুন)*** সম্ভাব্য সমস্যাগুলি সনাক্ত করতে এবং সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করতে।
  - ***Tell (বলুন)*** পিতামাতা এবং কর্মীদের প্রোগ্রামগুলি মনিটর, সম্ভাব্য সীসা সম্পর্কিত বিপদসমূহ এবং পরীক্ষার ফলাফল এবং উপশম সম্বন্ধে।
- যদি পানীয় জলের সীসার স্তর প্রতি বিলিয়নে 15 পার্টস (ppb) বা তার ওপর পরীক্ষিত হয়, অনুমতিপত্রের ধারককে স্বাস্থ্য দপ্তরে একটি ইন্সিডেন্ট CAP জমা করতে হবে এবং EPA দ্বারা সুপারিশকৃত সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ যেমন সরঞ্জামটি সরানো এবং জলের বিকল্প উৎস খুঁজতে হবে।

জলের পাইপ এবং শৌচাগার সমূহ [হেলথ কোড ধারা 47.43]

- সিঙ্ক এবং টয়লেট ইনস্টলেশানের জন্য শুধুমাত্র লাইসেন্স প্রাপ্ত প্লাম্বার ব্যবহার করুন।
- প্রত্যেক বেসিনে(বাথরুম, ডায়াপার পরিবর্তনের জায়গায়, ইত্যাদি) হাত-ধোয়ার পদ্ধতি টাঙান।
- 24 মাস বা তার থেকে বেশী বয়সী প্রতি 15 জন শিশুদের একটি টয়লেট এবং একটি হাত-ধোয়ার সিঙ্ক বরাদ্দ রাখুন।
- শিশুদের মলধারণ পাত্র শুধুমাত্র বাথরুমে রাখুন। হাত ধোয়ার জন্য যে সিঙ্ক ব্যবহার করা হয় না সেই সিঙ্ক প্রত্যেকবার ব্যবহারের পর সেগুলি ধুয়ে ফেলুন এবং জীবাণুমুক্ত করুন।
- ক্লাসরুম এবং খেলার জায়গার কাছে টয়লেট এবং সিঙ্ক সমেত বাথরুম রাখুন।
- হাত-ধোয়ার জল 115 ডিগ্রী ফারেনহাইটের থেকে বেশী হতে অনুমত দেবেন না।
- সিঙ্কগুলি তরল সাবান নির্গমক এবং আলাদা আলাদা পেপার টাওয়েল বা স্যানিটারি ড্রায়ার্স সমেত সজ্জিত আছে সেটি নিশ্চিত করুন।
- সিঙ্ক, সাবান এবং কাগজের টাওয়েল বা ড্রায়ার্স এমন জায়গায় রাখুন যেখানে শিশুরা নাগাল পেতে পারে।
- প্রাপ্তবয়স্কদের আলাদা বাথরুমের সুবিধা প্রদান করুন।

ডায়াপার পরিবর্তন [হেলথ কোড ধারা 47.43(h)]

- ডায়াপার পরিবর্তনের জন্য একটি দৃঢ়, অশোষক, সহজে পরিষ্কার এবং ফেলে দেওয়ার যোগ্য আবরণ প্রদান করুন। এটিকে কাউন্টারের সমান উচ্চতাযুক্ত, ক্লাসরুমের ভেতরে বা ঠিক পরে, এবং গরম এবং ঠান্ডা জল সমেত বেসিনের পাশে হতে হবে।

- উপরিভাগ জীবাণুমুক্ত করার অনুমোদিত লেবেলযুক্ত স্প্রে বোতল দিয়ে কাউন্টারটি জীবাণুমুক্ত করুন, এবং প্রত্যেকবার ডায়াপার পরিবর্তনের পর একটি নতুন ফেলা যায় এমন আবরণ রাখুন।
- সুরক্ষিত ঢাকনা এবং সরান যাবে এরকম প্লাস্টিক লাইনার যুক্ত একটি সহজে অ্যাক্সেসযোগ্য পাত্রে ডায়াপারগুলি ফেলুন। কাপড়ের ডায়াপারগুলির জন্য অন্য পাত্র ব্যবহার করুন।
- ডায়াপার পরিবর্তনের সময় ব্যবহারের পর ফেলা দেওয়া যায় এরকম রবারের দস্তানা পরুন।

আলোএবং বাতাসবাতাসের ব্যবস্থা [হেলথ কোড ধারা 47.45]

- বেশী গরম হয়ে যাওয়া, ড্রাফটস, ধুলো, ধোয়া, গন্ধ বা অত্যাধিক জ্বলীয় বাষ্প প্রতিরোধ করতে শিশুদের ব্যবহৃত প্রত্যেকটি ঘর মুক্ত বায়ুর মধ্যে রাখুন।
- উজ্বল, সমানভাবে ছড়িয়ে পরা এবং চকমক ,ঝিকমিক করা বা ছায়া থেকে মুক্ত আলো দ্বারা এই সকল অঞ্চলগুলিকে ভাল করে আলোকিত করুন।
- আলোকিতকরণ এবং হাওয়া চলাচল ব্যবস্থা স্বাভাবিক বা কৃত্রিম হতে পারে।
- সর্বনিম্ন প্রয়োজনীয় আলোকসজ্জা হেলথ কোড ধারা 47.45 (b)(1-6) এ দেখা যেতে পারে।

আসবাবপত্র এবং সরঞ্জাম [হেলথ কোড ধারা 47.55]

- টেবিল, চেয়ার এবং অন্যান্য আসবাবপত্র বয়স এবং আকারের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে, অ বিষাক্ত, সীসা মুক্ত উপরিতলের আবরণ এবং পরিষ্কার এবং যেমন প্রয়োজন সেরকম স্যানিটাইজ করা সম্পূর্ণ হতে হবে।
- যে সকল শিশু কেন্দ্রে দিনে চার ঘন্টার বেশী থাকে তাদের প্রত্যেকের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের ভোগ্য পণ্য সুরক্ষা কমিশনের অনুমোদিত একটি খাট, বেবী বেড, মাদুর বা প্লেপেন কেন্দ্রটিতে থাকতে হবে (পৃষ্ঠা 21, ঘুম দেখুন)।

বাইরের জায়গা [হেলথ কোড ধারা 47.47]

কেন্দ্রগুলিকে হয় কেন্দ্রের মধ্যে বা কাছাকাছি শিশু-উপযোগী এবং সহজে অ্যাক্সেস করা যায় এমন আউটডোর খেলার জায়গা প্রদান করতে হবে, নিম্নলিখিত প্রয়োজন অনুযায়ীঃ

- বাইরের অঞ্চলগুলিকে ভাঙা কাঁচ, জঞ্জাল, বিষাক্ত গাছপালা, পোকামাকড় বা অন্যান্য বিপদ মুক্ত হতে হবে।
- স্বাস্থ্য দপ্তর, বিল্ডিং দপ্তর এবং অগ্নি নির্বাপন দপ্তরের অনুমোদন সাপেক্ষে অগ্নি সুরক্ষিত বিল্ডিং গুলির ছাদে খেলা অনুমোদিত।
- বাইরে খেলার সরঞ্জাম সমূহ, যেমন দোলনা, স্লিপ এবং ওপরে চড়ার সরঞ্জামগুলিকে হতে হবেঃ

- বয়স এবং বেড়ে ওঠার সাথে সামঞ্জস্যপূর্ণ
- প্রস্তুতকারকের নির্দিষ্ট করে দেওয়া অনুযায়ী ইনস্টল করা, ব্যবহৃত এবং রক্ষনাবেক্ষন করা
- ধারালো প্রান্তদেশ মুক্ত এবং সীসা বা আর্সেনিক সহ বিপজ্জনক পদার্থ থেকে বিপদ মুক্ত

- বেড়া
  - কেন্দ্রের আউটডোর খেলার জায়গাটি ন্যুনতম 5 ফুট উচ্চ যা টপকানো যাবে না এরকম বেড়া দ্বারা ঘেরা থাকতে হবে।
  - ক্ষুর বা কাঁটাতার সেইসব বেড়ার ওপর ব্যবহার করা যেতে পারে যে বেড়াগুলি 6.5 ফুট থেকে বেশী উঁচু।
  - ছাদের বেড়াগুলি 45-ডিগ্রী কোণে ভিতরের দিকে ঝোকান প্যানেল সমেত ন্যুনতম 10 ফুট উঁচু হতে হবে।
- সহনশীল পৃষ্ঠতল, অ্যাসফল্ট বা সিমেন্ট যুক্ত হবে না, খেলার সরঞ্জামের নিচে ইনস্টল করতে হবে এবং চারিপাশে ছড়িয়ে দিতে হবে।
- সরঞ্জাম এবং উপরিভাগ অবশ্যই মার্কিন যুক্তরাষ্ট্রের উপভোক্তা পণ্য সুরক্ষার কমিশন দ্বারা অনুমোদিত হতে হবে।

জল সুরক্ষা [হেলথ কোড ধারা 47.57]

যথাযথ পুল নিরাপত্তার পরিকল্পনা এবং প্রশিক্ষিত তত্বাবধায়ক ছাড়া সাঁতার কাটা নিষিদ্ধ। কোন সাঁতার বা জল সংক্রান্ত ক্রিয়াকলাপ প্রস্তাব করার আগে শিশু পরিচর্যা কেন্দ্রগুলিকে স্বাস্থ্য দপ্তরের থেকে অনুমোদন নিতে হবে। গ্রুপ শিশু পরিচর্যা পরিষেবার জল সংক্রান্ত ক্রিয়াকলাপ সাঁতার শেখা বা জল সংক্রান্ত নিরাপত্তা প্রোগ্রাম যা স্টেট কমিশনার অফ হেলথ দ্বারা অনুমোদিত তত্বাবধানের নিয়ম ব্যবহার করে সেই পর্যন্ত সীমিত। এই নিয়মগুলি শিশুদের আঘাত বা ডুবে যাওয়া থেকে রক্ষা করে। জল সংক্রান্ত ক্রিয়াকলাপ অবশ্যই শিশু পরিচর্যা কেন্দ্রের লিখিত নিরাপত্তার পরিকল্পনা এবং হেলথ কোড ধারা 47.57 (i) অনুযায়ী করতে হবে।

পরিশিষ্ট: ফর্ম, নির্দেশিকা এবং অন্যান্য সহায়ক নথি নথী সমূহ

এই পরিশিষ্টটি ফর্ম এবং এই নির্দেশিকায় উল্লিখিত অন্যান্য সহায়ক নথিগুলি তালিকাভুক্ত করে। এই নথিগুলি পেতে বা প্রিন্ট করতে, nyc.gov/health/childcare দেখুন এবং "শিশু পরিচর্যা প্রদানকারীদের জন্য তথ্য" তে ক্লিক করুন। এই সহায়িকাটি আপনাকে কোডের নিয়ম মানতে সহায়তা করবে। হেলথ কোডের অনুচ্ছেদ 47 সম্বন্ধে কোনও প্রশ্নের জন্য **311** তে যোগাযোগ করুন বা **childcareinfo@health.nyc.gov.** তে একটি ইমেল পাঠান।

আসুন শুরু করা যাক

- হেলথ কোড অনুচ্ছেদ 47 এবং 81
- পরিবর্তনগুলির সারাংশ

আইন অনুসরণ

পরিদর্শন এবং লঙ্ঘন

- জনস্বাস্থ্য উন্নতিকারক
- ব্যবসার মালিকের অধিকারের বিল
- NYC হেলথ ট্রাইবুনালস
- কেন্দ্র পরিদর্শনের অনুরোধ
- সংশোধনকারী কার্যকলাপের পরিকল্পনা

পিতামাতাদের প্রবেশাধিকার এবং জানার অধিকার

- NYC চাইল্ড কেয়ার কানেক্ট

যোগ্য কর্মী

কর্মীর চাহিদা, দায়িত্ব এবং শিক্ষাগত যোগ্যতা

- কর্মী নিয়োগের নির্দেশিকা

অপরাধমূলক বিচার এবং শিশু নির্যাতন পরীক্ষা

- অপরাধমূলক পটভূমি এবং রাজ্য কেন্দ্রীয় রেজিস্ট্রার পরীক্ষা
- SCR নির্দেশিকাঃ রাজ্য কেন্দ্রীয় রেজিস্ট্রির নির্যাতন এবং উৎপীড়নের জন্য তদন্তে জবাব দেওয়া
- শিশু পরিচর্যা পোগ্রামের সংশোধনকারী কার্যকলাপের পরিকল্পনা

নিরাপদ ও স্বাস্থ্যবান শিশু

স্বাস্থ্য সংক্রান্ত পরিচর্যা

- শিশু পরিচর্যার জন্য চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনীয়তা এবং নতুন স্কুলে ভর্তি
- টিকাপ্রদানের তথ্য
- শিশু পরিচর্যা প্রদানকারীদের জন্য সংক্রামক রোগের তালিকা

দৈনন্দিন উপস্থিতি

- দৈনন্দিন উপস্থিতি নথীভুক্ত করার ফর্ম

অনুমোদিত প্রতিনিধিবৃন্দ

- অনুমোদিত প্রতিনিধিবৃন্দের তালিকার ফর্ম

ভ্রমণ

- ভ্রমণের সমন্বয়কারীর জন্য নির্দেশিকা
- কেন্দ্রগুলির জন্য হারিয়ে যাওয়া শিশু পরিকল্পনার নির্দেশিকা
- দিবা পরিচর্যার ক্যাম্পগুলির পরিকল্পনা লঙ্ঘনের তালিকা

পরিবহন

- প্রাত্যহিক পরিবহনের লগ ফর্ম
- CCATS স্বয়ংক্রিয় অনুমিপত্র ইস্যুর প্রক্রিয়া

পুষ্টি

- পিতামাতাদের জন্য পুষ্টি নির্দেশিকা

শারীরিক কার্যকলাপ

- পুষ্টি এবং শারীরিক কার্যকলাপ কেন্দ্রগুলির জন্য সবথেকে ভাল অভ্যাস

ঘুম এবং রাতের পরিচর্যা

- রাতের পরিচর্যার নিয়মাবলী এবং মানদন্ড

একটি নিরাপদ ও স্বাস্থ্যকর স্থান

অভ্যন্তরীণ সুবিধা

- কেন্দ্রের কার্যকরতার চেকলিস্ট

সতর্কতা

- অগ্নি সতর্কতা পদ্ধতি গুলি ও অন্যান্য সংশ্লিষ্ট পদ্ধতি গুলির তত্বাবধানের জন্য যোগ্যতার একটি সার্টিফিকেটের জন্য আবেদন (S-95)

রান্নাঘর এবং খাদ্য ব্যবস্থাপনা সংক্রান্ত নিরাপত্তা

- হেলথ কোড অনুচ্ছেদ 81: খাবার তৈরি করা এবং খাবার তৈরির জায়গাঃ
- পরিদর্শনের সময় আপনি কি প্রত্যাশা করবেন খাদ্য পরিষেবা চালনাকারীদের জন্য একটি নির্দেশিকা

কীটপতঙ্গ নিয়ন্ত্রণ

- তথ্যপত্রঃ আপনার শিশু পরিচর্যা কেন্দ্রকে পোকামাকড় মুক্ত রাখুন

সীসাযুক্ত রঙ এবং সীসার বিষক্রিয়া প্রতিরোধ

- গ্রুপ ডে কেয়ার অপারেটর যা জানা উচিৎঃ শৈশবে সীসার বিষক্রিয়া প্রতিরোধকরণ
- বিদ্যালয়ে পানীয় জলে সীসা হ্রাস করা 3Ts

লিখিত নিরাপত্তার পরিকল্পনা

- নিরাপত্তা পরিকল্পনার নির্দেশিকা
- নিরাপত্তা পরিকল্পনার টেমপ্লেট
- নিরাপত্তা পরিকল্পনার নির্দেশিকার সংযোজন

গ্রুপ শিশু পরিচর্যা কেন্দ্রগুলি:
আপনার কেন্দ্রকে সুরক্ষিত রাখুন এবং সাধারণ লঙ্ঘন গুলি এড়িয়ে চলুন

কর্মীর ছাড়পত্র

- প্রত্যেক শিশু পরিচর্যা কেন্দ্রের কর্মীকে শিশুদের সাথে তত্বাবধান বহির্ভূত সংযোগ রাখার জন্য স্টেট সেন্ট্রাল রেজিস্ট্রারে (SCR) আঙুলের ছাপ দিতে হবে এবং পরীক্ষিত হতে হবে। ফলাফলগুলি কর্মচারীদের ব্যাক্তিগত ফাইলে অন্তর্ভুক্ত করতে হবে এবং স্বাস্থ্য দপ্তরের পর্যালোচনার জন্য যে কোনও সময় উপলব্ধ হতে হবে।
- প্রত্যেক কর্মচারীকে প্রতি দু বছর অন্তর আবার পরীক্ষা করতে হবে। সময়মত আবার পরীক্ষা সংঘটিত হয়েছে এটি নিশ্চিত করতে সকল কর্মচারীর জন্য পরীক্ষার দিন সমন্বিত একটি স্প্রেডশীট সহায়তা করতে পারে।
- নিয়োগের সময়, কেন্দ্রের সকল কর্মীকে লাইসেন্স প্রাপ্ত চিকিৎসা পরিষেবা প্রদানকারীর থেকে তাঁরা তাদের ওপর অর্পিত কাজগুলি সম্পাদন করতে পারবে এই মর্মে মেডিকেল ক্লিয়ারেন্সের একটি সার্টিফিকেট উপস্থাপন করতে হবে।
- নিয়োগের শর্ত অনুযায়ী কেন্দ্রের সকল কর্মচারীকে প্রত্যেক দু বছর অন্তর একটি মেডিকেল ক্লিয়ারেন্স সার্টিফিকেট জমা করতে হবে।
- সার্টিফিকেটগুলি কেন্দ্রের মধ্যে অন্যান্য সকল ব্যক্তিগত রেকর্ড থেকে আলাদা করে ফাইল করে রাখতে হবে এবং স্বাস্থ্য দপ্তরের পর্যালোচনার জন্য যে কোনও সময় উপলব্ধ হতে হবে।

কর্মী-শিশু অনুপাত এবং তত্বাবধান

- সবসময় অনুচ্ছেদ 47 এবং এই নির্দেশিকায় উল্লিখিত ন্যুনতম কর্মী-শিশু অনুপাতটি অনুসরণ করুন।
- কর্মীদের সবসময় শিশুদের সরাসরি চোখে চোখে রেখে তত্বাবধান করতে হবে। কোনও শিশু বা শিশুদের গ্রুপ কোনও সময় তত্বাবধান ছাড়া থাকবে না।
- প্রত্যেক দু ঘন্টা অন্তর, বা সকালে, দুপুরে এবং রাত্রে কর্মী-শিশু অনুপাত পরীক্ষা করুন। ঘুমের সময় এবং কর্মীদের বিরতির সময় সহ সবসময় কর্মী-শিশু অনুপাত বজায় রাখা হচ্ছে এটি নিশ্চিত করুন। ভ্রাম্যমান সহকারীদের নিয়োগ নিয়োগ যারা প্রয়োজনানুসারে ক্লাসগুলি দেখাশুনা করতে পারবে।
- যখন 12 মাস বা তার থেকে বড় বয়সের শিশুরা একটা মিশ্র গ্রুপে আছে কিন্তু একই বয়সী, ন্যুনতম কর্মী-শিশু অনুপাত যে বয়সের শিশু বেশী আছে তার ওপর ভিত্তি করে হতে হবে।

কর্মীদের শিক্ষাগত যোগ্যতা

- 2 থেকে 6 বছর বয়সী শিশুদের প্রত্যেকটি গ্রুপের দায়িত্বে প্রত্যেক ক্লাসরুমে একজন যোগ্য শিক্ষক থাকতে হবে।
- প্রত্যেক শিশু পরিচর্যা কেন্দ্রে একজন যোগ্য শিক্ষাসংক্রান্ত পরিচালক থাকতে হবে যিনি কর্মীদের প্রশিক্ষণ, শিক্ষা সংক্রান্ত এবং শিশুর উন্নয়নের অগ্রগতি এবং সকল শিক্ষাকর্মীদের তত্বাবধান করবেন।
- শিক্ষাসংক্রান্ত পরিচালকের কোনও শিক্ষণের দায়িত্ব থাকবে না যখন শিশু পরিচর্যা কেন্দ্রটিতে 40 জনের বেশী শিশু নথীভুক্ত থাকবে।

শিশুর স্বাস্থ্য সংক্রান্ত ইতিহাস

- ভর্তির আগে, প্রত্যেক পিতা মাতা একটি শিশু স্বাস্থ্য পরিক্ষার ফর্ম পাবেন যা শিশুর ডাক্তারকর্তৃক পূরণ করতে হবে।
- স্কুলে শিশুর প্রথম দিনের আগে, সম্পূর্ণ করা ফর্ম এবং অসুস্থতার ইতিহাস শিশু পরিচর্যা কেন্দ্রে পর্যালোচনা এবং অনুমোদনের জন্য জমা দিতে হবে এটি নিশ্চিত করতে যে সকল শিশুর সম্পূর্ন স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন হয়েছিল, যাতে অন্তর্ভুক্ত কিন্তু সীমাবদ্ধ নয় শারীরিক পরীক্ষা, পুষ্টির পর্যালোচনা এবং অগ্রগতির মূল্যায়ন।
- সকল শিশুদের ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিস, পোলিও, হাম। মাম্পস, রুবেলা, ভেরিসেল্লা, হেপ বি, নিমোকোক্কল রোগ এবং হিব প্রতিরোধক টিকাপ্রদান করতে হবে।

পরিচ্ছন্নতা

- প্রত্যেক শিশু পরিচর্যা কেন্দ্রের ইনডোর এবং আউটডোর ঘরগুলি, খেলার জায়গাগুলি, আসবাবপত্র এবং সরঞ্জাম পরিষ্কার এবং ভাল অবস্থায় রাখতে হবে। শিশুদের আগমনের পূর্বে কেন্দ্রগুলি প্রতিদিন পরিচ্ছন্নতার জন্য পরীক্ষিত হতে হবে।
- দিনের শুরু এবং শেষে মেঝেগুলি পরিষ্কার করুন। যদি দিনের মধ্যে মেঝেগুলি নোঙরা হয়ে যায়, অন্যান্য অঞ্চলে নোঙরা ছড়িয়ে পরা বা ধুলো প্রতিরোধ করতে কাগজের তোয়ালে, ঝাঁটা বা কাপড় ব্যবহার করুন।
- প্রত্যেক শিশু পরিচর্যা কেন্দ্রগুলিকে সমস্ত টয়লেটের কাছে গরম ও ঠান্ডা জল সহ বেসিনগুলি প্রদান করতে হবে। 2 বছরের বেশী বয়সের শিশুদের জন্য প্রত্যেক 15 জন শিশু প্রতি একটি বেসিন প্রদান করতে হবে। শিশুদের দ্বারা ব্যবহৃত হাত ধোয়ার সকল বেসিনগুলিতে গরম জলের তাপমাত্রা 115 ডিগ্রী ফারেনহাইটের বেশী হতে পারবে না।

অগ্নি সুরক্ষা

- প্রত্যেক শিশু পরিচর্যা কেন্দ্রের অনুমোদিত অগ্নি নির্বাপক থাকতে হবে যা বেশী বা কম চার্জ যুক্ত হবে না এবং বছরে একবার পরিক্ষিত বলে যথাযথভাবে চিহ্নিত হতে হবে।
- প্রত্যেক শিশু পরিচর্যা কেন্দ্রকে কমপক্ষে মাসে একবার একটি অগ্নি সুরক্ষার মহড়ার আয়োজন করতে হবে। শুরু এবং শেষের সময়, মহড়াটিতে অংশগ্রহণকারী মোট শিশু এবং কর্মীর সংখ্যা এবং মহড়াটির ফলাফল নোট করার দ্বারা প্রত্যেকটি মহড়া নথিভুক্ত করুন।
- প্রত্যেক শিশু পরিচর্যা কেন্দ্রের পরিষ্কার এবং পঠনযোগ্য বহির্গমনের চিহ্নযুক্ত বহির্গমন পথ থাকতে হবে। এই চিহ্নগুলি অন্ধকারেও দৃশ্যমান হতে হবে এবং সব সময় বহির্গমন পথটি কোথায় তা সবাইকে জানিয়ে রাখতে হবে। বহির্গমন পথটি সবসময় বাধামুক্ত হতে হবে।